# পৌরসভা নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন সহায়িকা



স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প

# পৌরসভা নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম

## বাস্তবায়ন সহায়িকা

সহায়িকা প্রণয়ন:

গভর্নেন্স ইম্প্রুভমেন্ট অ্যান্ড ক্যাপাসিটি ডেভেলপমেন্ট (জিআইসিডি)

কনসালটেন্সি সার্ভিসেস, আইইউজিআইপি

প্রকাশনা
জুন ২০২৪

সার্বিক নির্দেশনা
মোঃ আব্দুল বারেক, প্রকল্প পরিচালক
নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)

সার্বিক তত্ত্বাবধান
আজাহার আলী, টিম লিডার, জিআইসিডি
নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)

লিখন
এন এন নাসরীন, জুনিয়র জিডিপিএ স্পেশালিস্ট
নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি), এলজিইডি

সহযোগিতা
- কাজী লিয়াকত আলী, ইনক্লুসিভ ডেভেলপমেন্ট স্পেশালিস্ট
- নিলুফার ইয়াসমিন, জেন্ডার ডেভেলপমেন্ট এ্যান্ড পোভার্টি এলিভিয়েশন স্পেশালিস্ট
- সুমনা মোস্তফা, জুনিয়র জিডিপিএ স্পেশালিস্ট
  নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি), এলজিইডি

সহসম্পাদনা
খান মো. রবিউল আলম, ডকুমেন্টেশন অ্যান্ড কমিউনিকেশন স্পেশালিস্ট
নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি), এলজিইডি

কম্পিউটার কম্পোজ
পিয়াল ইসলাম, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েট
নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি), এলজিইডি

# Acronyms and Abbreviations

| | |
|---|---|
| ADB | Asian Development Bank |
| AFD | Agency Française de Développement |
| BoQ | Bill of Quantity |
| CAP | Community Action Plan |
| CDA | Capacity Development Associate |
| CFW | Community Fild Worker |
| GESIAP | Gender Equality and Social Inclusion Action Plan |
| GICD | Governance Improvement and Capacity Development |
| IUGIP | Improving Urban Governance and Infrastructure Project |
| IT | Income Tax |
| IGA | Income Generating Activity |
| LGED | Local Goverment Engineering Department |
| LIN | Low Income Neighborhood |
| LINI | Low Income Neighborhood Improvement |
| LINIC | Low Income Neighborhood Improvement Committee |
| MB | Measurement Book |
| MDS | Management Design and Supervision |
| ME | Municipal Engineer (MDS) |
| NGO | Non-governmental Organization |
| O&M | Operations and Maintenance |
| PDP | Paurashava Development Plan |
| PIC | Project Implemention Committee |
| PG | Primary Group |
| PIU | Project Implementation Unit |
| PMU | Project Management Unit |
| PRAP | Poverty Reduction Action Plan |
| PRSP | Poverty Reduction Strategy Paper |
| PR & SI | Poverty Reduction and Slum Improvement |
| SDO | Social Development Officer |
| SPS | Safeguard Policy Statement |
| STC | Standing Committee |
| TLCC | Town Level Coordination Committee |
| WCAC | Women and Children Affairs Committee |
| WC | Ward Committee |
| WWC | Woman Ward Councilor |



প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

# মুখবন্ধ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) দেশের অন্যতম বৃহৎ প্রকৌশল সংস্থা। এলজিইডির মূল লক্ষ্য হলো পল্লি, নগর ও পানিসম্পদ সেক্টর উন্নয়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন ও দারিদ্র্য হ্রাসে সহায়তা করা। গত শতাব্দীর ৬০-এর দশকে পল্লীপূর্ত কর্মসূচির মধ্য দিয়ে এলজিইডি গ্রামীণ সড়ক উন্নয়ন কার্যক্রম শুরু করে। পরবর্তী সময়ে তা নগর ও পানিসম্পদ সেক্টরে বিস্তৃত হয়। এলজিইডির কার্যক্রম দেশের সার্বিক অগ্রগতিতে বিশেষ ভূমিকা রাখছে।

বাংলাদেশে নগরায়ণ দ্রুতগতিতে এগিয়ে চলেছে। জনগণের মধ্যে শহরমুখী হওয়ার প্রবণতা বাড়ছে। নগর বা শহরে শতকরা প্রায় ৪০ ভাগ মানুষ বাস করে। অচিরেই তা শতকরা ৫০ ভাগে উন্নীত হবে বলে অনুমান করা হচ্ছে। এ অবস্থায় নগরবাসীদের উন্নত সেবা প্রদান সিটি কর্পোরেশন বা পৌরসভাসমূহের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে উঠছে। নগর অবকাঠামো ও পরিচালন ব্যবস্থার উন্নয়ন ছাড়া উন্নত নাগরিক সেবা প্রদান সম্ভব নয়।

পরিকল্পিত নগরায়ণের জন্য পৌরসভাসমূহের সক্ষমতা উন্নয়নের বিকল্প নেই। এ লক্ষ্যে এলজিইডি গত শতাব্দীর ৮০-দশকের মাঝামাঝি থেকে কাজ করছে। ১৯৮৫ সালে ৫টি পৌরসভা নিয়ে পরীক্ষামূলকভাবে ইউনিসেফের সহায়তায় "বস্তি উন্নয়ন প্রকল্প" (এসআইপি) বাস্তবায়নের মাধ্যমে এলজিইডি নগর সেক্টর নিয়ে কার্যক্রম শুরু করে। বর্তমানে উন্নয়ন সহযোগী সংস্থা ও বাংলাদেশ সরকারের অর্থায়নে নগর অবকাঠামো ও পরিচালন ব্যবস্থা উন্নয়নে এলজিইডি বেশকিছু প্রকল্প বাস্তবায়ন করছে।

নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি) এলজিইডির একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। এ প্রকল্পের উদ্দেশ্য হলো, নগর পরিচালন ব্যবস্থা, অবকাঠামো উন্নয়ন এবং মানবসম্পদের সক্ষমতা বৃদ্ধি মাধ্যমে পরিকল্পিত উপায়ে টেকসই নগরায়ণ এগিয়ে নেওয়া। পাশাপাশি উন্নয়ন কার্যক্রমে নাগরিক, নারী ও দরিদ্র জনগোষ্ঠীর অংশগ্রহণ ও অন্তর্ভুক্তি, রাজস্ব আয় বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি ও পরিষেবার মান উন্নয়নকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

উল্লেখ্য, পৌর এলাকায় অনেক দরিদ্র মানুষ বাস করে। এসব এলাকা সাধারণত বস্তি বা অনুন্নত এলাকা হিসেবে চিহ্নিত । এসব অনুন্নত বা বস্তি এলাকায় সড়ক, ড্রেন, বিদ্যুৎ, সুপেয় পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যসহ অন্যান্য মৌলিক নাগরিক সুবিধা সরবাহের ক্ষেত্রে নানা সীমাবদ্ধতা রয়েছে। দরিদ্র জনগোষ্ঠীর অংশগ্রহণ ও সক্রিয়তা বৃদ্ধির মাধ্যমে নিম্নআয়ের জনবসতিসমূহের সার্বিক আর্থসামাজিক অবস্থা উন্নয়নে প্রকল্পের আওতায় বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। সরকার সমতাভিত্তিক উন্নয়নকে বিশেষভাবে অগ্রাধিকার দিচ্ছে। বর্তমান সরকারের একটি মৌলিক উন্নয়ন দর্শন হলো "উন্নয়নে সুযোগ থেকে বাদ যাবে না কেউ"।

আমি জেনে আনন্দিত হয়েছি যে, আইইউজিআইপি প্রকল্পভুক্ত পৌর এলাকায় বসবাসরত নিম্নআয় জনবসতিসমূহের সার্বিক আর্থসামাজিক উন্নয়নে নিম্নআয় এলাকার উন্নয়ন কার্যক্রম (Low Income Neighborhood Improvement Progamme) হাতে নেওয়া হয়েছে। এ কর্মসূচি বাস্তবায়নে প্রকল্পভুক্ত পৌরসভাসমূহের সক্ষমতা বৃদ্ধি অত্যন্ত জরুরি। কর্মসূচিটি যথাযথভাবে বাস্তবায়নে একটি সহায়িকা প্রণয়ন করা হয়েছে। এ সহায়িকতার ওপর ভিত্তি করে পৌরসভার দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (PR & SI STC) ও নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি (LINIC)-এর দক্ষতা উন্নয়ন করা হবে। এ প্রশিক্ষণে দরিদ্র, সুবিধাবঞ্চিত ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর প্রতিনিধিগণও অংশ নিবেন।

এ প্রশিক্ষণ সহায়িকা প্রণয়নের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। বিশেষত নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি)-এর গভর্নেন্স ইম্প্রুভমেন্ট অ্যান্ড ক্যাপাসিটি ডেভেলপমেন্ট (জিআইসিডি) কনসালটেন্সি সার্ভিসের পরামর্শক যাঁরা নিষ্ঠা ও পেশাদারি উৎকর্ষের সঙ্গে সহায়িকাটি প্রণয়ন করেছেন তাঁদের সাধুবাদ জানাচ্ছি। পরিশেষে, এ প্রশিক্ষণ সহায়িকার সফল বাস্তবায়ন আশা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

**মোঃ আলি আখতার হোসেন**



প্রকল্প পরিচালক
নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

# প্রসঙ্গকথা

কর্মসংস্থানের জন্য প্রতিনিয়ত গ্রাম থেকে মানুষ নগর বা শহরের দিকে ধাবিত হচ্ছে। আর তাই নগরগুলোতে মানুষের সংখ্যা বেড়ে যাচ্ছে। বর্তমানে বাংলাদেশে নগর হিসেবে ১২টি সিটি কর্পোরেশন ও ৩২৯টি পৌরসভা রয়েছে। দেশের বৃহত্তম পৌরসভা হলো বগুড়া এবং সবচেয়ে পুরনো পৌরসভা হলো যশোর। সর্বশেষ পৌরসভা হলো সাতক্ষীরা জেলার শ্যামনগর পৌরসভা। বাংলাদেশের প্রায় শতকরা ৪০ ভাগ মানুষ এখন নগরে বসবাস করে। খুব শীঘ্রই তা শতকরা ৫০ ভাগে উন্নীত হবে বলে ধারণা করা হচ্ছে। নগরের এই ক্রমবর্ধমান মানুষের চাপ সামাল দিয়ে নাগরিক সেবা প্রদান বড় ধরনের চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। আমাদের যেকোন চ্যালেঞ্জ মোকাবেলা করতে হলে প্রথমে নিজেকে উন্নয়নমনস্ক হিসেবে তৈরি করতে হবে। উন্নয়ন টেকসই করতে হলে মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টি একটি গুরুত্বপূর্ণ কাজ। মানুষের মধ্যে এমনভাবে সচেতনতা সৃষ্টি করতে হবে যেন তা মনে গেঁথে যায়, এটি করতে পারলে প্রত্যেক মানুষ একটি প্রতিষ্ঠান হিসেবে কাজ করবে।

স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মধ্যে পৌরসভা অন্যতম। নগরবাসীর জন্য উন্নতমানের সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে পৌরসভা অবকাঠামোগত উন্নয়নসহ বিভিন্ন ধরনের উন্নয়ন ও সেবামূলক কাজ বাস্তবায়ন করে থাকে। এ সকল কাজ বাস্তবায়নের জন্য পৌরসভার পরিচালন ব্যবস্থা উন্নত হতে হবে। সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে বিভিন্ন কর্তব্য ও দায়িত্ব পালন করে পৌরসভা নগরবাসীর কাঙ্খিত সেবা নিশ্চিত করে থাকে।

পৌর এলাকা উন্নয়নের সুফল সমানভাবে ভোগের অধিকার সকল নাগরিকের রয়েছে। পৌরসভায় বসবাসরত পিছিয়ে পড়া ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করা একটি গুরুত্বপূর্ণ বিষয়। বিশেষত পৌরসভার নিম্নআয় এলাকাসমূহ যেখানে দরিদ্র ও স্বল্পআয়ের মানুষ বসবাস করে তাদের সার্বিক জীবনমান উন্নয়নকে এ প্রকল্পে বিশেষ অগ্রাধিকার দেওয়া হচ্ছে। নিম্নআয় এলাকার রাস্তা, ড্রেন, সড়কবাতি, ফুটপাথ, ডাস্টবিন এবং মৌলিক সেবাসমূহ যেমন পানি, স্যানিটেশন, বিদ্যুৎ, আয়-কর্মসংস্থান বৃদ্ধির মাধ্যমে দরিদ্র ও নিম্নআয়ের মানুষের জীবনে গুণগত মান পরিবর্তনে প্রকল্পভুক্ত পৌরসভাসমূহে বহুমাত্রিক কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। এর অংশ হিসেবে প্রণয়ন করা হয়েছে পৌরসভার নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম (Low Income Neighborhood Improvement Progamme)।

নিম্নআয় এলাকার উন্নয়ন কার্যক্রম একটি সমন্বিত পরিকল্পনা। এ কার্যক্রমের মূল লক্ষ্য দরিদ্র এলাকা সার্বিক উন্নয়ন বিশেষত আর্থসামাজিক ও নাগরিক সুবিধা নিশ্চিত করা। এ কার্যক্রম বাস্তবায়নে পৌরসভাসমূহের সক্ষমতা এবং দরিদ্র জনগোষ্ঠীর অংশগ্রহণ প্রয়োজন। এদিক বিবেচনা করে নিম্নআয় এলাকার উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে একটি সহায়িকা প্রণয়ন করা হচ্ছে। আমার বিশ্বাস এ সহায়িকা যথাযথভাবে অনুসরণ করা গেলে নিম্নআয় এলাকার উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে তা পথনির্দেশিকা হিসেবে কাজ করবে।

আইইউজিআইপি প্রকল্প নগর পরিচালন ব্যবস্থার কার্যকর ও টেকসই উন্নয়নের জন্য জিআইসিডি পরামর্শকগণের মাধ্যমে পৌরসভার সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা দিয়ে আসছে। এ সহায়িকাটি হালনাগাদ করার ক্ষেত্রে আইইউজিআইপি প্রকল্পে নিয়োজিত জিআইসিডি টিম লিডার জনাব আজাহার আলী এবং সংশ্লিষ্ট পরামর্শকগণ উল্লেখযোগ্য ভূমিকা রেখেছেন। আমি তাঁদের ধন্যবাদ জানাই। আশা করি, এ সহায়িকাটি প্রশিক্ষণ প্রদান ও পৌরসভার সংশ্লিষ্ট জনপ্রতিনিধি ও নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির দক্ষতা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

**মোঃ আব্দুল বারেক**

# সূচিপত্র


| ক্রমিক নং | অধ্যায় | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ | | পটভূমি, প্রকল্প এলাকা, প্রকল্প মানচিত্র | ৮-১০ |
| ২ | অধ্যায়-১: নগর পরিচালন উন্নয়ন কর্মপরিকল্পনা (ইউজিআইএপি) প্রধান কার্যক্রমসমূহ | ১.১ নগর পরিচালন উন্নয়ন কর্মপরিকল্পনার (ইউজিআইএপি) প্রধান কার্যক্রমসমূহ | ১২ |
| | | ১.২ অবকাঠামো উন্নয়ন কার্যক্রমসমূহ | ১২ |
| | | ১.৩ নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম | ১৩ |
| ৩ | অধ্যায়-২: নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রমে কমিউনিটি মবিলাইজেশন ও দল গঠন | ধাপ-১: নিম্নআয় এলাকা/ নির্বাচন | ১৫ |
| | | ধাপ-২: পরিবারের বৈশিষ্ট্য | ১৬ |
| | | ধাপ-৩: জনগোষ্ঠীর সঙ্গে পরিচিতি | ১৬ |
| | | ধাপ-৪: দল গঠন | ১৭ |
| | | ধাপ-৫: নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি গঠন | ১৮-১৯ |
| ৪ | অধ্যায়-৩ উন্নয়ন ব্যবস্থাপনা (অবকাঠামো ও আর্থসামাজিক) | ৩.১ ভূমিকা | ২০ |
| | | ৩.২ কমিউনিটি কর্মপরিকল্পনা (ঈঅচ) প্রণয়ন | ২০ |
| | | ৩.৩ অবকাঠামো উন্নয়ন | ২১-২৩ |
| | | ৩.৪ ত্রি-পক্ষীয় চুক্তি | ২৩ |
| | | ৩.৫ একটি উপ-প্রকল্পের প্রণয়ন | ২৪ |
| | | ৩.৬ অবকাঠামোর নকশা প্রণয়ন | ২৪ |
| | | ৩.৭ একটি উপ-প্রকল্প অনুমোদন | ২৪ |
| | | ৩.৮ উপ-প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন ধাপসমূহ | ২৪-২৬ |
| | | ৩.৯ কমিউনিটির অংশগ্রহণে ক্রয় (সিপিপি) প্রক্রিয়া বাস্তবায়ন | ২৬-২৭ |
| | | ৩.১০ LINIC কর্তৃক অবকাঠামো উন্নয়নে উপ-কমিটি গঠনের প্রয়োজনীয়তা | ২৭-২৮ |
| | | ৩.১১ সাইটে রেজিস্টার বই রাখতে হবে | ২৮-২৯ |
| | | ৪.১ নিম্নআয় এলাকার আর্থসামাজিক উন্নয়ন | ৩০ |
| | | ৪.২ আত্মকর্মসংস্থানমূলক কার্যক্রম | ৩০-৩১ |
| | | ৪.৩ নিম্নআয় এলাকার উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন কাঠামো | ৩২-৩৮ |
| ৫ | অধ্যায়-৪ সুপারভিশন, মনিটরিং, রিপোর্টিং | সুপারভিশন, মনিটরিং, রিপোর্টিং | ৩৮ |
| | | সংযোজনী | ৩৯-৮৯ |

# পটভূমি, প্রকল্প এলাকা এবং প্রকল্প মানচিত্র

নগরায়ণ উন্নয়নের একটি ধাপ। কিন্তু অপরিকল্পিত এবং অনিয়ন্ত্রিত নগরায়ণ টেকসই উন্নয়নে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। জনজীবনের ওপর ফেলে নানাধরনের নেতিবাচক প্রভাব । স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর মধ্যে পৌরসভা অন্যতম, যা স্থানীয় জনগণের কাছের একটি প্রতিষ্ঠান। পৌরসভা পৌরবাসীদের সকল ধরনের নাগরিক সুবিধা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। কিন্তু প্রতিষ্ঠানিক সক্ষমতার অভাবে পৌরসভাসমূহ অনেকসময় তাদের ওপর অর্পিত দায়িত্ব সুচারুভাবে সম্পাদন করতে পারে না। এ কারণে স্থানীয় পর্যায়ে বসবাসরত জনগণ আধুনিক নাগরিক সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। এর প্রভাবে বড় শহরগুলোর দিকে মানুষের অভিমুখী হওয়ার প্রবণতা বাড়ছে।

বাংলাদেশে দু'টি মহানগরী ঢাকা ও চট্টগ্রামসহ অন্যান্য বড় শহরগুলোর ওপর মানুষের চাপ ক্রমশ বাড়ছে। ভারসাম্যপূর্ণ নগরায়ণ এবং মহানগরীসমূহের সম্পদ ও অবকাঠামোর উপর অসহনীয় চাপ কমানো প্রয়োজন। আর এ লক্ষ্যে পৌরসভাসমূহের সক্ষমতা উন্নয়নের বিকল্প নেই। পৌরসভাসমূহের সক্ষমতা বাড়ানো গেলে এর পরিচালন ব্যবস্থা ও অবকাঠামো উন্নয়ন গতিশীল হবে। জনগণ আবাসন, শিক্ষা, সুপেয় পানি সরবরাহ , বিদ্যুৎ, পয়ঃনিষ্কাশনসহ সকল ধরনের উন্নত নাগরিক পরিষেবা ভোগ করতে পারবে । ফলে বড় শহরগুলোর ওপর মানুষের চাপ কমে আসবে।

কেবল তাই নয়, পৌরসভাসমূহ সুনির্দিষ্টভাবে দরিদ্র শ্রেণির মানুষদের জন্য মৌলিক অবকাঠামো এবং প্রয়োজনীয় সেবা প্রদানে সক্ষমতার ঘাটতি রয়েছে। কেবল সড়ক নির্মাণ, পানির পাইপ বসানো, নর্দমা নির্মাণ, স্যানিটারি ল্যাট্রিন বসানো, বর্জ্য ব্যবস্থাপনা সুবিধা দান, বিদ্যালয় এবং স্বাস্থ্য ক্লিনিক স্থাপন যথেষ্ট নয়। অভিজ্ঞতা থেকে দেখা যায় যে নগরের অবকাঠামো উন্নয়ন ও সেবা প্রদান তখনই টেকসই হয় যখন পৌরবাসীর অংশগ্রহণে সঠিক পরিকল্পনা, গতিশীল কর প্রদান ব্যবস্থা চালু, ব্যক্তিখাতের অংশগ্রহণ এবং পরিচালন ব্যবস্থার উন্নয়ন ঘটে। বাংলাদেশ সরকারের অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২০২৫), প্রেক্ষিত পরিকল্পনা ২০৪১ এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (২০১৫-২০৩০) অনুযায়ী নগর পরিচালন ব্যবস্থার উন্নয়ন একটি গুরুত্বপূর্ণ কাজ।

নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি)-এর উদ্দেশ্য হলো পরিকল্পনা অনুযায়ী, টেকসই নগরায়ণ, নগর পরিচালন ব্যবস্থার উন্নয়ন, মানব সম্পদ উন্নয়ন এবং অবকাঠামো উন্নয়নে সহায়তা করা। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বাংলাদেশ সরকার, এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি), ফ্রান্স ডেভেলপমেন্ট এজেন্সি (এএফডি)-এর আর্থিক সহায়তায় নগর পরিচালন এবং অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আইইউজিআইপি) বাস্তবায়ন করছে। নগর সুপরিচালনের মাধ্যমে মানবসম্পদ উন্নয়নসহ টেকসই ভৌত অবকাঠামো সুবিধাদির উন্নয়নই এ প্রকল্পের মূল উদ্দেশ্য।

**প্রকল্পে অন্তর্ভুক্ত ৬৩টি ও পরিচালন ও রক্ষণাবেক্ষণ (ও অ্যান্ড এম) আওতাভুক্ত ২৫টি পৌরসভা (মোট ৮৮ টি পৌরসভা)**

**প্রকল্পে অন্তর্ভুক্ত ৬৩টি পৌরসভা**

| বিভাগ | পৌরসভার সংখ্যা | পৌরসভার |
|---|---|---|
| ঢাকা বিভাগ | ১৭ | ভাঙ্গা, বোয়ালমারী, গোয়ালন্দ, আড়াইহাজার, মনোহরদী, মুন্সিগঞ্জ, কালীগঞ্জ, মধুপুর, হোসেনপুর, কালকিনি, নড়িয়া, মানিকগঞ্জ, টুঙ্গিপাড়া, মিরকাদিম, কালিয়াকৈর, পাকুন্দিয়া এবং ভৈরব |
| ময়মনসিংহ বিভাগ | ৩ | মদন, নকলা এবং গফরগাঁও |
| চট্টগ্রাম বিভাগ | ১৯ | চন্দনাইশ, বাঁশখালী, সন্দ্বীপ, রাউজান, ব্রাহ্মণবাড়িয়া, ফরিদগঞ্জ, মতলব, হাজীগঞ্জ, চৌমুহনী, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি, নাজিরহাট, বসুরহাট, দাগনভূঁইয়া, রায়পুর, রামগঞ্জ, রামগতি এবং সোনাগাজী |
| খুলনা বিভাগ | ৭ | আলমডাঙ্গা, ভেড়ামারা, কুমারখালী, কেশবপুর, গাংনী, মনিরামপুর এবং মহেশপুর |
| রাজশাহী বিভাগ | ১০ | ভবানীগঞ্জ, নওহাটা, বাঘা, রহনপুর, সাঁথিয়া, কেশরহাট, নজিপুর, সারিয়াকান্দি, শিবগঞ্জ এবং চারঘাট |
| রংপুর বিভাগ | ৩ | পাটগ্রাম, উলিপুর এবং সুন্দরগঞ্জ |
| সিলেট বিভাগ | ৪ | মৌলভীবাজার, ছাতক, কুলাউড়া, চুনারুঘাট |
| | ৬৩ | |

**ও অ্যান্ এম আওতাভুক্ত পৌরসভা ২৫টি পৌরসভা হলো-**

লক্ষ্মীপুর, লাকসাম, নবীনগর, লালমনিরহাট, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, রাজবাড়ী, শেরপুর, কিশোরগঞ্জ, নেত্রকোণা, মুক্তাগাছা, চুয়াডাঙ্গা, যশোর, মেহেরপুর, মাগুরা, বেনাপোল, জয়পুরহাট, বেড়া, ঈশ্বরদী, শাহজাদপুর, নীলফামারী, পঞ্চগড়, গোপালগঞ্জ, বরগুনা ও পিরোজপুর পৌরসভা।



# অধ্যায় : এক

## নগর পরিচালন উন্নয়ন কর্মপরিকল্পনা (ইউজিআইএপি) প্রধান কার্যক্রমসমূহ

## ১.১ নগর পরিচালন উন্নয়ন কর্মপরিকল্পনার (ইউজিআইএপি) প্রধান কার্যক্রমসমূহ :

পৌরসভার সুশাসন প্রতিষ্ঠা ও পরিচালন ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে নগর পরিচালন উন্নয়ন কর্মপরিকল্পনা (ইউজিআইএপি) প্রস্তুত করা হয়েছে। নিম্নোক্ত ক্ষেত্রগুলিতে প্রয়োজনীয় সহায়তা প্রদানের মাধ্যমে প্রকল্পের প্রত্যাশিত ফলাফল পাওয়া যাবে।




## ১.২ অবকাঠামো উন্নয়ন কার্যক্রমসমূহ

নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৬৩ পৌরসভায় কমপক্ষে:

- ৯০০ কিলোমিটার ড্রেন নির্মাণ;
- ৬৩ পৌরসভায় কমপক্ষে ১,৫০০ কিলোমিটার রাস্তা নির্মাণ ও জেন্ডার সংবেদনশীল অবকাঠামো নির্মাণ নিশ্চিত ও নিরাপত্তা প্রদান; কমপক্ষে ৭টি কমিউনিটিতে জলবায়ু সহনশীল পাবলিক স্পেস নির্মাণ/পুনঃনির্মাণ;
- ৬৩টি পৌরসভায় কমপক্ষে শতকরা ৫০ ভাগ নারীর অংশগ্রহণে দরিদ্র জনবসতির উন্নয়ন;

## ১.৩ নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম

প্রকল্পের নগর পরিচালন উন্নয়ন পরিকল্পনার একটি প্রধান কার্যক্রম হচ্ছে উন্নয়নের ক্ষেত্রে নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা আনয়ন ও অন্তর্ভুক্তিকরণ। উক্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভা পর্যায়ে নিম্নআয় এলাকাবাসীর উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা প্রণয়ন করা হচ্ছে। দেশের আর্থসামাজিক সূচকে উল্লেখযোগ্য অগ্রগতি হওয়ার পরেও নগরের অনেক মানুষ এখনও দারিদ্রসীমার নিচে বাস করে। নগরের দরিদ্র জনসংখ্যার পরিমাণ প্রায় শতকরা ১৪.৭ ভাগ[১]। শহরের দরিদ্রদের অধিকাংশই নিম্নআয় এলাকাতে অনিশ্চিত আশ্রয়, সেবাহীন অথবা স্বল্পসেবায় বসবাস করছে। পৌরসভাতে নিম্নআয় মানুষেরা নির্দিষ্টভাবে নিম্নআয় এলাকাতে এবং নিম্নআয় এলাকার বাইরে বিক্ষিপ্তভাবে অন্যদের সঙ্গে বসবাস করে।

পৌর এলাকায় নিম্নআয় এলাকা (LIN) হলো একটি ঘনবসতিপূর্ণ, অনানুষ্ঠানিক বসতি যেখানে অপর্যাপ্ত আবাসন, দুর্বল স্যানিটেশন, বিশুদ্ধ পানি এবং বিদ্যুতের মতো মৌলিক পরিষেবাগুলো সীমিত পরিসরে থাকে। এ ধরনের এলাকায় বেশিরভাগ ক্ষেত্রে চরম দারিদ্র্য বিরাজ করে। জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং অর্থনৈতিক কারণে দেশের বিভিন্ন এলাকা থেকে সাধারণত অনানুষ্ঠানিক শ্রমিক এবং চরম দারিদ্র্য মানুষেরা শহরাঞ্চলে জীবন-জীবিকার সন্ধানের আসে এবং নিম্নআয় এলাকায় বসবাস করে এসব জনগোষ্ঠীকে প্রান্তিক জনগোষ্ঠী হিসেবে বিবেচনা করা হয়।

নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পের মাধ্যমে প্রকল্পভুক্ত পৌরসভায় নিম্নআয় মানুষদের দারদ্র্যি বিমোচনের লক্ষ্যে দারিদ্র্য হ্রাসকরণ কর্মপরিকল্পনা (PRAP) প্রণয়ন করছে। পৌরসভার মধ্যে অবস্থিত নিম্নআয় এলাকাসমূহে বসবাসরত জনগণকে প্রকল্পের আওতায় মৌলিক সেবাসমূহ প্রদান করা হবে। নিম্নআয় এলাকাবাসীদের জন্য গলি রাস্তা, ড্রেন, ফুটপাত, পানি সরবরাহ, স্যানিটেশন, বর্জ্য ব্যবস্থাপনা ও সড়কবাতির ব্যবস্থা করা হবে। নিম্নআয় এলাকাবাসীদের জন্য উল্লেখিত অবকাঠামোসহ আর্থসামাজিক উন্নয়ন কাজ পরিচালনার জন্য একটি বাস্তবায়ন নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে। পৌরসভাতে বসবাসরত নিম্নআয় এলাকাবাসীর উন্নয়নের জন্য পৌর কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকলের জন্য নির্দেশিকাটি একটি সহায়ক হিসেবে কাজ করবে। যেহেতু সব প্র্যাপ-ই হবে পৌরসভাকেন্দ্রিক সেহেতু সংশ্লিষ্ট পৌরসভার বাস্তবতা অনুযায়ী প্র্যাপ প্রণয়নের ক্ষেত্রে প্রকল্পের আওতায় প্রণীত এ নির্দেশিকাটি বাস্তবায়নে প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করা যাবে।

**নিম্নলিখিত বিষয়গুলোর উপরে নিম্নআয় এলাকা উন্নয়ন কর্মসূচি বিশেষ গুরুত্ব প্রদান করবে :**

- পৌর এলাকার নিম্নআয় এলাকায় বসবাসরত দরিদ্র নাগরিকদের মৌলিক সুবিধা ও সেবা প্রদানের জন্য প্রকল্পভূক্ত পৌরসভাগুলোর কর্মদক্ষতা বৃদ্ধি করা;
- দরিদ্র নারী ও পুরুষকে সংগঠিত করার মাধ্যমে সচেতন করে তোলা ও উন্নয়ন কর্মকাণ্ডে তাদের অংশীদারিত্ব নিশ্চিত করা;
- নিম্নআয় এলাকাবাসীদের স্ব-উদ্যোগে আয়ের অভ্যাস গড়ে তোলা, আয়-বৃদ্ধিমূলক কর্মসংস্থান সৃষ্টি করা, দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অবহেলিত দরিদ্র নিম্নআয় এলাকাবাসীকে পুঁজি সৃষ্টির লক্ষ্যে ঋণ গ্রহণের উপর নির্ভরশীলতা কমিয়ে স্বাবলম্বী করা এবং পরিবার ও সমাজে সম্মানজনক অবস্থানে উন্নীত করা;
- সরকার প্রদত্ত সেবা সুবিধা ও কমিউনিটির সম্পদ ব্যবহারের মাধ্যমে জনগোষ্ঠীর অংশগ্রহণমূলক উন্নয়নের প্রচেষ্টাকে উদ্বুদ্ধ করা;
- স্যানিটেশন কর্মসূচি ও প্রাথমিক স্বাস্থ্য সুবিধা বৃদ্ধিসহ সমন্বিত মৌলিক সুবিধাদির মাধ্যমে শিশু ও নারীদের পুষ্টি ও স্বাস্থ্য উন্নয়ন করা;
- পৌর নিম্নআয় এলাকার ভৌত অবকাঠামো কাজ বাস্তবায়নের মাধ্যমে পরিবেশ উন্নত করা, যেমন ফুটপাত, নর্দমা, রাস্তার বাতি, ডাস্টবিন, নলকূপ, টয়লেট ইত্যাদি নির্মাণ;
- বিদ্যালয় থেকে ঝরে পড়া ও বিদ্যালয় বহির্ভূত নিম্নআয় এলাকাবাসী শিশুদের প্রাথমিক শিক্ষা প্রদানের উদ্দেশ্যে প্রকল্পভূক্ত নিম্নআয় এলাকাতে পৌরসভার নিজ উদ্যোগে নিজস্ব তহবিলের আওতায় স্যাটেলাইট স্কুল স্থাপন করে শিক্ষার ব্যবস্থা করতে পারে;
- পৌরসভার সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা।

আইইউজিআইপি প্রকল্পভুক্ত পৌরসভাসমূহের নিম্নআয় এলাকাসমূহের আর্থসামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে মৌলিক পরিষেবাসমূহ সম্প্রসারণে কার্যক্রম হাতে নেওয়া হয়েছে।

[1] BBS 2022

# অধ্যায়ঃ দুই

## নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রমে কমিউনিটি মবিলাইজেশন ও দল গঠন

# ২. নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রমে কমিউনিটি মবিলাইজেশন ও দল গঠন

## ধাপ-১: নিম্নআয় এলাকা/ নির্বাচন

**নিম্নআয় এলাকার সংজ্ঞা:**

ঘনবসতিপূর্ণ এলাকা, অস্বাস্থ্যকর পরিবেশ, বিশুদ্ধ পানীয় জলের অভাব, স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশনের অভাব বা অব্যবস্থা, এরকম পরিবেশে বসবাসকারী একটি নির্দিষ্ট এলাকাকে **নিম্নআয় এলাকা বা** Low Income Neighborhood (LIN) বলা হয়।

পৌরসভা সীমানার মধ্যে নিম্নলিখিত বৈশিষ্ট্যসম্পন্ন আবাসিক এলাকা থাকলে তা নিম্নআয় এলাকা হিসেবে চিহ্নিত করা হবে। নিম্নআয় এলাকাতে বসবাসরত সকল পরিবার নিম্নআয় এলাকার সদস্য হিসেবে বিবেচিত হবে।

- ৫০% পরিবার কাঁচা এবং অস্থায়ী ঘরে বাস করে;
- ৫০% পরিবারের প্রধান কাজে অদক্ষ বা দক্ষ কিন্তু দরিদ্র;
- ঘনবসতি/ঘিঞ্জি ও অস্বাস্থ্যকর এলাকা (১ একর জায়গায় ৩০০ পরিবারের বসবাস);
- মৌলিক সেবাসমূহ অপর্যাপ্ত বা অনুপস্থিত; (রাস্তা, ড্রেন, পানি সরবরাহ, স্যানিটেশন, বর্জ্য ব্যবস্থাপনা, বিদ্যুৎ ইত্যাদি) ।
- মাথাপিছু মাসিক আয় ৩,৫০০-৪,৫০০ টাকা।
- একই নিম্নআয় এলাকাতে কমপক্ষে 'এ' শ্রেণির জন্য ৫০ টি পরিবার, 'বি' শ্রের জন্য ৪০ টি পরিবার ও 'সি' শ্রেণির জন্য ৩০ টি পরিবার বাস করে; (দরিদ্রতার প্রকোপ বিবেচনায় বিশেষ ক্ষেত্রে 'এ' শ্রেণির জন্য ৪০ টি পরিবার এবং 'বি' শ্রেণির জন্য ৩০ টি পরিবার ও 'সি' শ্রেণির জন্য ২০ টি দরিদ্র পরিবারের বাসস্থানকেও নিম্নআয় এলাকা হিসেবে চিহ্নিত করা যেতে পারে;
- ঘরগুলো খুব কাছাকাছি;
- নিম্নআয় এলাকাগুলোর এক একটি নির্দিষ্ট সীমারেখা আছে;
- পৌরসভার নিজস্ব জমি, ব্যক্তিমালিকানাধীন জমি ও সরকারি জমির ক্ষেত্রে ৫ (পাঁচ) বছরের মধ্যে স্থাপনের পরে উচ্ছেদ হবে না মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, ব্যক্তিমালিক ও পৌরসভা অঙ্গীকারনামা প্রদান করবে;
- জনসংখ্যার ঘনত্ব;
- নিম্নমানের জীবনযাপন ব্যবস্থা;
- নিম্নমানের আবাসন ব্যবস্থা;
- বিশুদ্ধ পানি সরবরাহের অভাব;
- স্যানিটারি টয়লেট সরবরাহের অভাব;
- অপর্যাপ্ত যোগাযোগ ব্যবস্থা বা সুবিধা;
- আইনী সহায়তার অভাব ইত্যাদি।

**নিম্নআয় এলাকা প্রাথমিক নির্বাচন :**

সমাজ উন্নয়ন কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পৌর এলাকা ঘুরে বিদ্যমান সমস্ত নিম্নআয় এলাকা চিহ্নিত করবেন ও তার একটি তালিকা প্রণয়ন করবেন সংযোজনী-১। আর্থসামাজিক ও মৌলিক অবকাঠামো/ সেবা প্রদান প্যারামিটারের ভিত্তিতে শ্রেণি বিন্যাসের জন্য অতি নিম্নমান-৩, নিম্নমান-২, গড়মান-১ কোড ব্যবহার করে ফরমেট সংযোজনী ১ 'ক' ও ১ 'খ' অনুসরণে নিম্নআয় এলাকা শ্রেণিবিন্যাস করতে হবে। আর্থসামাজিক অবস্থা এবং মৌলিক অবকাঠামো/ সেবা প্রদান মাত্রার জন্য সামগ্রিক শ্রেণিবিন্যাসের ভিত্তিতে সংযোজনী- ১ 'গ' ব্যবহার করে নিম্নআয় এলাকার অগ্রাধিকার শ্রেণিবিন্যাস করতে হবে। সংযোজনী টেবিল- ১ 'ঘ' ব্যবহার করে নিম্নআয় এলাকার দারিদ্র নিরসন কৌশল প্রণয়ন করতে হবে। পৌর মেয়র কর্তৃক গঠিত পোভার্টি ওয়ার্কিং গ্রুপ (PWG) নিম্নআয় এলাকার অগ্রাধিকারকরণ ও নিম্নআয় এলাকার দারিদ্র্য নিরসন কৌশল প্রণয়ন প্রক্রিয়ায় পরামর্শ ও সহায়তা প্রদান করবে। সংযোজনী ১ (ঙ)-তে উল্লেখিত সূচক ব্যবহার করে আর্থসামাজিক প্যারামিটারের ভিত্তিতে আয়, স্বাস্থ্য, শিক্ষা, আবাসন, নিরাপত্তা এবং সামাজিক অন্তর্ভুক্তির ভিত্তিতে নিম্নআয় এলাকাসমূহকে অতি নিম্নমান-৩, নিম্নমান-২, গড়মান-১ এই তিনটি শ্রেণিতে বিন্যাস করা যেতে পারে। সংযোজনী ১ (চ)-তে উল্লেখিত সূচক ব্যবহার করে মৌলিক অবকাঠামো/ সেবা প্রদান প্যারামিটারের মধ্যে পানি, স্যানিটেশন, ড্রেনেজ, আবর্জনা অপসারণ, বিদ্যুৎ ও রাস্তার ভিত্তিতে নিম্নআয় এলাকাকে অতি নিম্নমান-৩, নিম্নমান-২, গড়মান-১ এই তিনটি শ্রেণিতে বিন্যাস করা যেতে পারে। সমাজ উন্নয়ন কর্মকর্তা/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পৌরসভার ম্যাপে চিহ্নিত নিম্নআয় এলাকাগুলো হলুদ রংয়ে চিহ্নিত করে তার একটি অগ্রাধিকার তালিকা তৈরি করে প্রাথমিকভাবে নিম্নআয় এলাকা নির্বাচন করবেন এবং নিম্নআয় এলাকার জনসংখ্যা, আয়তন ও মৌলিক সুবিধার দুস্প্রাপ্যতার ভিত্তিতে নির্বাচিত নিম্নআয় এলাকার অগ্রাধিকার তালিকাটি অনুমোদনের জন্য দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির কাছে জমা দিবেন।

**নিম্নআয় এলাকার চূড়ান্ত অনুমোদন :**

দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির কাছ থেকে অনুমোদন লাভের পর পৌর পরিষদের অনুমোদন গ্রহণ করে চূড়ান্ত অনুমোদনের জন্য পৌরসভা মেয়রের মাধ্যমে উক্ত তালিকাটি ম্যাপসহ ঢাকায় প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটে (PMU) প্রেরণ করবেন।

## ধাপ-২ পরিবারের বৈশিষ্ট্য

**নির্বাচনের নীতিমালা :**

- ভূমিহীন;
- নারী প্রধান পরিবার;
- কর্মজীবী শিশু;
- বেকার/কর্মহীন;
- কিশোর-কিশোরী;
- সংখ্যালঘু পরিবারের সদস্য;
- প্রতিবন্ধী সদস্য রয়েছে এমন পরিবার;
- সুবিধাভোগীগণকে অবশ্যই অনুমোদিত নিম্নআয় এলাকার বাসিন্দা হতে হবে;
- বয়স ১৮ থেকে ৫০ বছরের মধ্যে হতে হবে;
- মাসিক পারিবারিক আয় ২০,০০০/-টাকার নিচে;
- মাসিক সভায় অংশগ্রহণে উৎসাহিত হতে হবে।

**পরিবার নির্বাচন পদ্ধতি :**

(ক) প্রতি পরিবারের জন্য নির্দিষ্ট জরিপ ছকে পরিবার বেইজ লাইন সার্ভে ও পারিবারিক তথ্যাদি সংগ্রহের কাজ সম্পন্ন করতে হবে (সংযোজনী-০৩ ও ০৪);

(খ) যে সমস্ত পরিবার নির্বাচনের শর্তানুযায়ী মনোনীত হবে সেই সমস্ত পরিবারের নারী ও পুরুষ প্রধানদের নামসহ ‘পারিবারিক জরিপ তথ্যের সারাংশ তালিকা’ (সংযোজনী-০৫) তৈরি করতে হবে;

(গ) প্রাথমিক জরিপ ছকসমূহ তুলনামূলক বিচারার্থে একত্র করে জরিপ সারাংশ/সংক্ষিপ্ত বিবরণী তৈরি করতে হবে (সংযোজনী-০৬)। নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রমে অন্তর্ভুক্তির জন্যে জরিপ ছক দ্বারা নিশ্চিত করতে হবে যেন নিম্নআয় এলাকা প্রকল্পে অন্তর্ভুক্তির জন্য পূরণ করেছে। উদাহরণ হিসেবে বলা যেতে পারে, যদি শতকরা ৫০ ভাগের অধিক নিম্নআয় এলাকাবাসীর পরিবার পিছু মাসিক আয় ২০,০০০/ টাকার উর্ধ্বে হয় এবং তারা দক্ষ শ্রমজীবী হয় তবে ঐ LIN প্রকল্পে অন্তর্ভুক্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না;

(ঘ) যে সমস্ত পরিবার নির্বাচনের শর্তানুযায়ী মনোনীত হবে তাদের পরিবার প্রধানের নামসহ তালিকা তৈরি করতে হবে।

(ঙ) সুবিধাভোগী নির্বাচন কাজ শেষ হলে পূরণকৃত প্রাথমিক জরিপ প্রতিবেদন ও সারাংশ/সংক্ষিপ্ত বিবরণী অনুমোদনের জন্য প্রকল্প ব্যবস্থাপনা অফিস, সদর দপ্তর, ঢাকায় প্রেরণ করতে হবে এবং তার একটি প্রতিলিপি সংশ্লিষ্ট পৌরসভায় সংরক্ষণ করতে হবে;

## ধাপ-৩ জনগোষ্ঠীর সঙ্গে পরিচিতি

নিম্নলিখিত তিনটি ধাপ অনুসরণের মাধ্যমে জনগোষ্ঠীর সাথে পরিচিত হতে হবে -

১. পরিবার জরিপ;
২. দল গঠন;
৩. দলের সভা।

**পরিবার জরিপ: পরিবার জরিপের ৩টি উদ্দেশ্য :**

(ক) লক্ষ্যভুক্ত সুবিধাভোগী চিহ্নিত করার জন্য;
(খ) লক্ষ্যভুক্ত পরিবার সম্বন্ধে জানার জন্য;
(গ) প্রকল্প মূল্যায়নের জন্য।

- স্থানীয় নেতৃবৃন্দ, ব্যক্তি এবং দারিদ্র্য নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সঙ্গে অনানুষ্ঠানিক কাজ ও সাক্ষাতের মাধ্যমে মতবিনিময় এবং পরিচিতি লাভ করা। প্রতিটি পরিবারের জন্য আলাদা আলাদা পরিবার জরিপ ফর্ম (জরিপ ফর্ম দ্রষ্টব্য) ব্যবহার করতে হবে। প্রতিটি পরিবারের প্রদানকৃত তথ্যের ভিত্তিতে এই জরিপ ফর্মটি পূরণ করতে হবে। ফর্ম

পূরণের আগে সাক্ষাৎকার প্রদানকারীকে ফর্মের তথ্যগুলো সম্পর্কে ভালো করে বুঝিয়ে বলতে হবে যাতে করে তিনি জরিপে সঠিক তথ্যগুলো দিতে পারেন।

- নিয়মিত আনুষ্ঠানিক সভায় নারী ও পুরুষদের একত্রিত করে মতবিনিময়ের মাধ্যমে লক্ষ্যভুক্ত গোষ্ঠীকে উদ্বুদ্ধ করা হবে।
- এ সকল কাজে নিজেকে সুবিধাভোগী পরিবারের সদস্য হিসেবে মানসিকভাবে চিন্তা, প্রকাশ করা ও সুবিধাভোগীদের কাছে এর উদ্দেশ্য তুলে ধরতে হবে।
- প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে নারী ও পুরুষদের বুঝানো এবং তাদের সমস্যা চিহ্নিত করে আলোচনার মাধ্যমে সমাধানের উপায় বের করা।

## ধাপ-৪: দল গঠন

**প্রাথমিক দল গঠন :**

প্রাথমিক দল লক্ষ্যভুক্ত নিম্নআয় এলাকাবাসীদের নিয়ে গঠন করা হবে। এই দলের প্রধান লক্ষ্য হবে, নিম্নআয় এলাকাবাসীদের সংগঠিত করা। পর্যায়ক্রমে নিম্নআয় এলাকাতে লক্ষ্যভুক্ত পরিবারসমূহকে সংগঠিত করে শুধুমাত্র ১৮-৫০ বছর বয়সের নিম্নআয় এলাকাবাসী নারীদের নিয়ে ১৫ সদস্য বিশিষ্ট (বিশেষ ক্ষেত্রে ১০ জন থেকে ১৫ জন) প্রাথমিক দল গঠন করা ও দল গঠনের তথ্য বিবরণী রেকর্ড ফরমে পূরণ করা হবে (সংযোজনী-০৭)। প্রতি দুই বছর পর পর দলনেতা ও সম্পাদকের পদে নতুন সদস্য নির্বাচিত হবে। উল্লেখ্য, পুরুষদের কোন আনুষ্ঠানিক দল গঠন করতে হবে না। তবে প্রকল্পের বিভিন্ন কার্যক্রম সমন্ধে তাদের সম্যক ধারণার জন্য নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটিতে (LINIC) প্রতিনিধি মনোনীত করা হবে।

**প্রাথমিক দলের কাজ :**

দলের প্রধান কাজ সাপ্তাহিক সভা করা। নিয়মিত দলের সভা ও তার কার্যবিবরণী রেজিস্টারে লিপিবদ্ধ করা। এসব কাজ যাতে দলনেতাগণ নিজেরাই করতে পারেন কমিউনিটি ফিল্ডওয়ার্কারগণ/সিডিএ তা নিশ্চিত করবেন। প্রত্যেক সদস্যকে ভাবতে হবে যে, দলটি তাদের নিজেদের। এককভাবে কেউ দলের কর্তৃত্বে নন। তবে দলটি অবশ্যই একজন দলনেতা দ্বারা পরিচালিত হবে। দলনেতা দল কিভাবে পরিচালনা করবেন তা ফিল্ডওয়ার্কার/ সিডিএ এর সহায়তা নিবেন।

**দলনেতা নির্বাচন :**

নিম্নআয় এলাকা জরিপ শেষে পর্যায়ক্রমে নিম্নআয় এলাকার সকল লক্ষ্যভুক্ত পরিবারকে সংগঠিত করে প্রাথমিক দল গঠন করতে হবে;

- প্রতিটি দলে ১০ থেকে ১৫ জন সদস্য থাকবে। দল একজন দলনেতা ও একজন সম্পাদক নির্বাচন করবে। ক্যাপাসিটি ডেভেলোপমেন্ট অ্যাসোসিয়েট, সমাজ উন্নয়ন কর্মকর্তা/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কমিউনিটি ফিল্ডওয়ার্কার এই নির্বাচন পরিচালনায় দলকে সহায়তা করবেন;
- দলের সকল সদস্য মিলে নিজেদের মাঝে আলোচনার ভিত্তিতে সর্বসম্মতিক্রমে একজন যোগ্য প্রার্থীকে দলনেতা এবং অন্য একজনকে সম্পাদক নির্বাচন করবেন। লেখাপড়া জানা প্রার্থীকে তারা অগ্রাধিকার দিবেন;
- দলের সকল সদস্য নারী হতে হবে;
- দলনেতা দলের সাপ্তাহিক সভা আহ্বান করবেন এবং পদাধিকারবলে দলীয় সভায় সভাপতিত্ব করবেন;
- তিনি প্রতি সদস্যর সঙ্গে যোগাযোগ রক্ষা করবেন এবং সদস্যদের মাসিক সভায় উপস্থিত হতে উৎসাহিত করবেন;
- সমস্যা ও এর সমাধান চিহ্নিত করতে ও সিদ্ধান্ত নিতে সহায়তা করার জন্য দলনেতা দলের মাসিক সভায় এগুলো উপস্থাপন করবেন এবং সিদ্ধান্তগ্রহণে সহায়তা করবেন;
- তিনি LINIC 'র মাসিক সভায় যোগদান করবেন এবং দলের প্রতিনিধিত্ব করবেন;
- কমিউনিটি ফিল্ডওয়ার্কার/সিডিএ LINIC'র সভাপতির সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখবেন।

**প্রাথমিক দলের সভা :**

নিয়মিত দলের মাসিক সভা এবং কার্যবিবরণী রেজিস্টারে লিপিবদ্ধ করে রাখতেম হবে। এ সকল কাজ যাতে দলনেতা/সম্পাদক নিজেরাই করতে পারেন তা নিশ্চিত করতে হবে। দলীয় সভায় দলের সমস্যা, ভৌত অবকাঠামো উন্নয়ন ছাড়াও আর্থসামাজিক কার্যক্রম, যেমন- স্বাস্থ্য, শিক্ষা, আইন সম্পর্কিত বিষয়ে অবশ্যই আলোচনা করতে হবে। মাসিক সভায় কমিউনিটি ফিল্ডওয়ার্কার/সিডিএ বাধ্যতামূলকভাবে উপস্থিত থেকে সভার কার্যবিবরণী রেজিস্টারে লিপিবদ্ধ করতে দলনেতাকে সহায়তা করবে। সমাজ উন্নয়ন কর্মকর্তা/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত রেজিস্টার নিয়মিত পরীক্ষা করবেন ও অনুস্বাক্ষর করবেন।

## ধাপ-৫: নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি গঠন

### কমিটি গঠন

যখন নিম্নআয় এলাকার সব লক্ষ্যভুক্ত পরিবার প্রাথমিক দলের মাধ্যমে সংগঠিত হবে এবং দলনেতা ও সম্পাদকগণ নির্বাচিত হবেন তখন প্রতিটি নিম্নআয় এলাকাতে একটি করে নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি (Low Income Neighborhood Improvement Committee -LINIC) গঠন করতে হবে (সংযোজনী-৮) ।

নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটিতে (LINIC) ১৫ জনের অধিক সদস্য থাকতে পারবে না যার মধ্যে দুই তৃতীয়াংশ অবশ্যই নারী সদস্য হতে হবে। যদি LIN ছোট আকারের হয় (১০ টি বা তার কম প্রাথমিক দল) তবে সব দলনেতা কমিটির সদস্য হবেন। অধিকন্তু একজন সভাপতি বা সহ-সভাপতি থাকবেন। অবশিষ্ট পুরুষ সদস্যগণ সুবিধাভোগীদের মধ্যে থেকে দলনেতাগণ কর্তৃক মনোনীত হবেন। যদি কোন নিম্নআয় এলাকাতে অধিক দল থাকে তবে দলনেতাগণ নির্বাচনে যাবেন। প্রতি দুইটি দল থেকে একজন প্রতিনিধি নির্বাচন করা যেতে পারে যাতে LINIC-এ সকল দলের প্রতিনিধিত্ব থাকে। এ ক্ষেত্রে সকল দলনেতাগণ প্রতি বছর পালাক্রমে LINIC -এর সদস্য হবেন যাতে সকল দলনেতাগণ এই কমিটির সদস্য হবার সুযোগ লাভ করতে পারেন। শুধুমাত্র দলনেতাগণই পদাধিকারবলে LINIC -এর সদস্য হবেন।

একটি অথবা কয়েকটি দলে বিভক্ত হয়ে পুরুষ সুবিধাভোগীগণ LINIC -এর সদস্য নির্বাচিত হতে পারেন। পুরুষ সদস্যগণ মোট সদস্য সংখ্যার এক তৃতীয়াংশের অধিক হতে পারবে না।

### নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি (LINIC)-এর কার্যপরিধি :

LIN- এ নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি (LINIC) সকল কাজ বাস্তবায়ন, অর্থ ব্যয় ও সমন্বয়ের দায়িত্ব পালন করবে। LINIC -এ যেকোন কাজের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে এই কমিটি প্রত্যক্ষভাবে সহায়তা করবে। তাছাড়া দলীয় কার্যক্রম, ভৌত উন্নয়ন কার্যক্রম এবং আর্থসামাজিক কার্যক্রম সরাসরি তত্ত্বাবধান করবে এবং প্রকল্পের কাজ বাস্তবায়ন ও ব্যবস্থাপনাসহ নিম্নবর্ণিত দায়িত্বাবলী পালন করবে।

**কার্যপরিধি :**

১. এলাকার সকল উপ-প্রকল্প বাস্তবায়নে এই কমিটি সরাসরি কাজ করবে। এই কমিটি প্রকল্পের ভৌত কাজ বাস্তবায়নের জন্য প্রত্যেক সদস্যকে নির্দিষ্ট দায়িত্বভার প্রদান করবে;
২. এই কমিটি প্রতি মাসে একটি করে সভা করবে। এই সভায় নিম্নআয় এলাকা উন্নয়নের সকল কার্যক্রমে অগ্রগতির পর্যালোচনা করবে ও সিদ্ধান্ত নেবে। সদস্য-সচিব সভার গুরুত্বপূর্ণ আলোচনা এবং সিদ্ধান্তসমূহ রেজুলেশন খাতায় লিপিবদ্ধ করবেন;
৩. কমিটির সিদ্ধান্ত অনুযায়ী কমিউনিটি পর্যায়ে ভৌত কাজ বাস্তবায়নের জন্য প্রকল্প থেকে প্রাপ্ত অর্থ সুপারিশের মাধ্যমে স্থানীয় এজি অফিস থেকে এ কমিটির তহবিল দেওয়া হবে। এই তহবিল সভাপতি এবং সদস্য-সচিব কর্তৃক যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালিত হবে;
৪. এই কমিটি দুই তৃতীয়াংশ সদস্যের মতামত অনুযায়ী সিদ্ধান্ত নেবে;
৫. এই কমিটি দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির তত্ত্বাবধানে এবং পরামর্শে কাজ করবে;
৬. যেকোন কাজের অনুকূলে প্রাপ্ত চেক সংশ্লিষ্ট ব্যাংক অ্যাকাউন্টে জমা দেওয়ার ৩ (তিন) কর্মদিবসের মধ্যে কমিটির সভা আহ্বান করবে এবং সম্মিলিত সিদ্ধান্তের পর ব্যাংকে তা অবহিতকরণ সাপেক্ষে অর্থ উত্তোলন, ব্যয় ও সমন্বয় করবে।

### নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির (LINIC) সভাপতি এবং সহ-সভাপতি নির্বাচন :

নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির (LINIC) পদে অবশ্যই নিম্নআয় এলাকার সুবিধাভোগীদের মধ্যে থেকে ভোটের মাধ্যমে নির্বাচন করতে হবে। দলনেতা হওয়ার কোন পূর্বশর্ত বা বাধ্যবাধকতা নেই, তবে পড়াশোনা জানা সদস্যকে অগ্রাধিকার দেওয়া প্রয়োজন। সকল সুবিধাভোগীদের (নারী এবং পুরুষ) ভোটের মাধ্যমে নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির (LINIC) সভাপতি এবং সহ-সভাপতি নির্বাচন করতে হবে। কোন প্রাথমিক দলের দলনেতাগণ LINIC সভাপতি বা সহ-সভাপতি নির্বাচিত হলে তিনি প্রাথমিক দলের দলনেতার পদ ছেড়ে দিবেন যাতে নেতৃত্ব অন্যের হাতে যেতে পারে। নির্বাচিত সভাপতি বা সহ-সভাপতি কার্যকাল ২ বছরের অধিক হবে না। প্রতি ২ বছর পরপর সভাপতি বা সহ-সভাপতি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। তবে এক ব্যক্তি দুইবারের বেশি সভাপতি বা সহ-সভাপতি পদে নির্বাচন করতে পারবেন না।

## নির্বাচন পরিচালনা পদ্ধতি :

সভাপতি বা সহ-সভাপতি নির্বাচনের পূর্বে নিম্নআয় এলাকায় ব্যাপকভাবে প্রচার করতে হবে যাতে প্রতিটি দলের সদস্যগণ এ সম্পর্কে অবহিত হন। এছাড়া প্রার্থীগণ যাতে নির্বাচনের প্রস্তুতি নিতে পারেন এ জন্য তাদের ৩০ দিন সময় দিতে হবে। দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি দলনেতাগণের সঙ্গে আলোচনা করে নির্বাচনের তারিখ নির্ধারণ এবং নির্বাচন পরিচালনা করবে। LINIC গঠনের পর পরই নির্বাচন সম্পন্ন করার জন্য কমিউনিটি ফিল্ডওয়ার্কার, সিডিএ ও প্রাথমিক দলের সদস্যদের সহায়তায় সংশ্লিষ্ট নিম্নআয় এলাকার (প্রাথমিক দলের সদস্যরা হলেন ভোটার)। অনুমোদিত পরিবার জরিপ মোতাবেক প্রতিটি পরিবারের প্রধান নারী এবং পুরুষদের সমন্বয়ে ভোটার তালিকা তৈরি করবে। অর্থাৎ প্রতি পরিবার থেকে দুই জন করে ভোটার হতে পারবেন (বয়স ১৮ বছর হতে হবে)। দারিদ্র্য নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি নির্বাচনে প্রতিদ্বন্দ্বীদের কাছ থেকে মনোনয়নপত্র গ্রহণের এক সপ্তাহের মধ্যে নির্বাচন সম্পন্ন করবে। তবে একই দিনে সভাপতি এবং সহ-সভাপতি নির্বাচন করা যাবে না। সভাপতি নির্বাচনে যদি নারী নির্বাচিত না হয় তবে সহ-সভাপতি নির্বাচনে শুধু নারীরা প্রতিদ্বন্দ্বিতা করবেন।

## নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির (LINIC) সভা :

নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির (LINIC) সভাপতি এবং সহ-সভাপতি পদে নির্বাচন সম্পন্ন হবার ৭ দিনের মধ্যে নবনির্বাচিত সভাপতি সভা আহবান করবেন। সমাজ উন্নয়ন কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/উপ-সহকারী প্রকৌশলী LINIC-এ সদস্য-সচিব হিসেবে কাজ করবেন। সদস্য সচিব LINIC সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করার দায়িত্বে থাকবেন। নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি প্রতি মাসে কমপক্ষে একটি সভা করবে এবং কার্যবিবরণী খাতায় লিপিবদ্ধ করবে। কোন কাজের অনুকূলে অর্থপ্রাপ্ত হলে তিনদিনের মধ্যে বিশেষ সভা আহ্বান করে সভার সিদ্ধান্ত মোতাবেক অর্থ ব্যয় করবে। এই কমিটির সভাপতি LINIC সংক্রান্ত সকল রেজিস্টার এবং তথ্যাবলী সংরক্ষণ করবে; যেমন: সভার কার্যবিবরণী খাতা, সঞ্চয় রেজিস্টার, জমা-খরচ রেজিস্টার ও অন্যান্য রেজিস্টার থাকবে (যদি থাকে)। এ সকল রেজিস্টার লিপিবদ্ধ বা রেকর্ড করার কাজে কমিউনিটি ফিল্ডওয়ার্কার/সিডিএ LINIC-কে সহায়তা করবেন। সভাপতি এবং সদস্য-সচিব LINIC-এর ব্যয় এবং অন্যান্য হিসাবের উপযুক্ত কাগজপত্রে যৌথ স্বাক্ষর করবেন।

# অধ্যায়-তিন
# উন্নয়ন ব্যবস্থাপনা
## (অবকাঠামো ও আর্থসামাজিক)

## ৩.১ ভূমিকা

নিম্নআয় এলাকা উন্নয়নের শুরুতেই স্থানীয় জনগণ অংশগ্রহণমূলক পদ্ধতি অনুসরণের মাধ্যমে এলাকার সমস্যা ও সম্ভাবনাগুলো চিহ্নিত করবে এবং তার ভিত্তিতে জীবনমান উন্নয়নে পরিকল্পনা হাতে নিবে।

নিম্নআয় এলাকাবাসীদের মানসিক, সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম পরিকল্পনা ও বাস্তবায়ন করার জন্য কমিউনিটি কর্মপরিকল্পনা (CAP) প্রণয়ন প্রয়োজন। CAP প্রণয়নের সময় এর বিভিন্ন অংশগুলোর সামঞ্জস্য রেখে বাস্তবসম্মত পরিকল্পনা প্রণয়ন করতে হবে। একটি বাস্তবসম্মত CAP একটি উপ-প্রকল্পের উদ্দেশ্য অর্জনের প্রথম শর্ত। নিম্নআয় এলাকাতে দরিদ্র জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নের পাশাপাশি পরিবেশ উন্নয়নের জন্য ভৌত উন্নয়ন কাজ যেমন-বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা, স্যানিটেশন ব্যবস্থা, চলাচলের ব্যবস্থা, পয়ঃপ্রণালীর ব্যবস্থা, আবর্জনা অপসারণ ব্যবস্থা, সড়ক আলোকিতকরণ ও বৃক্ষ রোপণ এ কর্মসূচির অন্তর্ভুক্ত। এসব কাজ বাস্তবায়িত হলে নিম্নআয় এলাকার জনগোষ্ঠীর মৌলিক চাহিদা পূরণ হবে।

CAP-এর মাধ্যমে প্রাপ্ত সমস্যা ও চাহিদাসমূহ মূলত দুটি অংশে ভাগ করা যায় : (১) অবকাঠামো উন্নয়ন; ও (২) আর্থসামাজিক উন্নয়ন। নিম্নে অবকাঠামো উন্নয়নের ধাপ ও শর্তগুলো আলোচনা করা হলো-

## ৩.২ কমিউনিটি কর্মপরিকল্পনা (ক্যাপ) প্রণয়ন পদ্ধতি

PRAP বাস্তবায়নের কাজে নিয়োজিত প্রতিটি নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি (LINIC) দলের সদস্যদের চাহিদা ও সিদ্ধান্ত অনুযায়ী নিম্নআয় এলাকাতে বাস্তবায়িতব্য সংশ্লিষ্ট জেলার এলজিইডির সিডিউল রেট মোতাবেক ভৌত অবকাঠামো উন্নয়ন কাজের প্রাক্কলনসহ কমিউনিটি কর্মপরিকল্পনা তৈরি করবে। পৌরসভায় নিয়োজিত এমডিএস কনসালটেন্ট এবং পৌরসভার প্রকৌশলীর তত্ত্বাবধানে LINIC ভিত্তিক ভৌত কাজের নির্ধারিত ডিজাইন মোতাবেক স্কিমসহ (পৌরসভার ম্যাপ, কাজের মাস্টারপ্ল্যান, প্রাক্কলন ও মালামালের বিশ্লেষণ ইত্যাদি) একটি পরিপূর্ণ কর্মপরিকল্পনা তৈরি করবেন। যেহেতু প্রকল্প কমিটি এ সকল কাজ বাস্তবায়ন করবে, সেহেতু সরকারি নিয়ম মোতাবেক প্রাক্কলন প্রস্তুতের সময় প্রাক্কলন থেকে শতকরা ১০ ভাগ ঠিকাদারি লাভ বাদ দিতে হবে। প্রাক্কলন প্রস্তুতকালে প্রয়োজন মাফিক ব্যবস্থাপনা ব্যয় অন্তর্ভুক্ত করা যেতে পারে। CAP প্রণয়নে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করতে হবে -

ক) কমিউনিটি কর্মপরিকল্পনা এ নির্ধারিত ছকে (সংযোজনী-৮) LINIC'র গঠন তথ্য বিবরণীতে পূর্ণাঙ্গ তথ্য লিপিবদ্ধ করতে হবে;

খ) প্রতিটি LINIC-এ যতগুলো দল রয়েছে নির্ধারিত ছকে (সংযোজনী-৭) প্রতিটি দলের গঠন তথ্য বিবরণীতে পূর্ণাঙ্গ তথ্য লিপিবদ্ধ করতে হবে। এভাবে প্রতি পৌরসভার সকল LINIC ভিত্তিক তথ্যভাণ্ডার তৈরি করতে হবে;

গ) নিম্নআয় এলাকাতে স্থাপনযোগ্য নলকূপের কেয়ারটেকারের নামের তালিকা নির্ধারিত ছকে (সংযোজনী-১০) লিপিবদ্ধ করতে হবে;

ঘ) নিম্নআয় এলাকাতে স্থাপনযোগ্য টয়লেট গ্রহীতাদের নামের তালিকা নির্ধারিত ছকে (সংযোজনী-১১) লিপিবদ্ধ করতে হবে;

ঙ) পৌরসভা কর্তৃক অনুমোদিত সকল নিম্নআয় এলাকার অবস্থান হলুদ কালি দ্বারা চিহ্নিত করে পৌরসভার ম্যাপে দেখাতে হবে;

চ) প্রতিটি নিম্নআয় এলাকার জন্য ২০ ইঞ্চি x ৩০ ইঞ্চি সাইজের একটি ম্যাপে সকল কাজের একটি মাস্টারপ্ল্যান অ্যামোনিয়া/কম্পিউটার প্রিন্টসহ তৈরি করতে হবে। ঐ ম্যাপে এলাকার বিদ্যমান স্থাপনার অবস্থান, বাস্তবায়িতব্য নলকূপ, টয়লেট, ফুটপাত, ড্রেন, ডাস্টবিন, সড়ক বাতি ও বৃক্ষ রোপণের অবস্থান বিভিন্ন চিহ্ন দ্বারা দেখাতে হবে।

ছ) প্রতিটি টয়লেটের জন্য ৩টি পরিবার যৌথভাবে বিদ্যুৎ বিল পরিশোধ করবে মর্মে সম্মতিপত্র CAP-এ সংযুক্ত করতে হবে;

উপরোক্ত নিয়মে LINIC সকল তথ্যাদিসহ CAP তৈরি করে পৌরসভায় ৩ কপি জমা দিবে। এমডিএস কনসালটেন্ট এবং পৌর প্রকৌশলী/স্বাস্থ্য কর্মকর্তা/ সমাজ উন্নয়ন কর্মকর্তা/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত CAP যাচাই বাছাইপূর্বক পৌর মেয়রের সুপারিশসহ অনুমোদনের জন্য ঢাকায় প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট (পিএমইউ)-এ প্রেরণ করবে। পিএমইউ পরীক্ষা-নিরীক্ষা করে উক্ত প্রাক্কলনসহ কমিউনিটি কর্মপরিকল্পনার অনুমোদন প্রদান করবে।

## ৩.৩ অবকাঠামো উন্নয়ন

প্রতিটি নিম্নআয় এলাকাতে যেসব ভৌত কাজের কমিউনিটি কর্মপরিকল্পনা তৈরি করতে হবে তার তালিকা ও মাপকাঠি নিম্নরূপ :

**নলকূপ স্থাপন :** প্রতিটি দলের জন্যে (১০ থেকে ১৫ টি পরিবার) ১ টি করে হস্তচালিত নলকূপ স্থাপন করা হবে ;
**স্বাস্থ্যসম্মত টয়লেট স্থাপন :** প্রতি ৩/৬ টি পরিবারের জন্য ১টি ২ কক্ষবিশিষ্ট টয়লেট নির্মাণ করা হবে। ২ কক্ষবিশিষ্ট স্বাস্থ্যসম্মত টয়লেট স্থাপন করার জায়গা পাওয়া না গেলে সম্ভাব্য ক্ষেত্রে ৬ পরিবারের জন্য ১ কক্ষ বিশিষ্ট পৃথক ২ টি স্বাস্থ্যসম্মত টয়লেট স্থাপন করা যেতে পারে; (দুই কক্ষ বিশিষ্ট টয়লেট একটি কক্ষ ৬ পরিবারের নারী সদস্য ও একটি কক্ষ পুরুষ সদস্যরা ব্যবহার করবেন এবং আলাদা আলাদা প্রবেশ পথ থাকবে এবং এক কক্ষ বিশিষ্ট পৃথক ২ টি টয়লেটর ক্ষেত্রে একটি ৬ পরিবারের নারী সদস্য এবং একটি পুরুষ সদস্যরা ব্যবহার করবেন)।
**ফুটপাত নির্মাণ :** প্রতি পরিবারের জন্য ১০ মিটার হারে/প্রয়োজন মাফিক ফুটপাত নির্মাণ করা হবে (সড়ক প্রশস্ততা কমপক্ষে ১.৫ মিটার হতে হবে);
**নর্দমা নির্মাণ করা :** প্রতি পরিবারের জন্য ৫ মিটার হারে/ প্রয়োজন মাফিক পাকা নর্দমা নির্মাণ করা হবে;
**পাকা ডাস্টবিন নির্মাণ :** প্রতি ৫০-১০০ টি পরিবারের জন্য ১ টি পাকা ডাস্টবিন নির্মাণ করা হবে;
**সড়ক বাতি স্থাপন :** প্রতি ২০ টি পরিবারের জন্য ১ টি সড়ক বাতি স্থাপন করা হবে।

প্রতিটি নিম্নআয় এলাকাতে যেসব ভৌত উন্নয়ন কাজ বাস্তবায়িত হবে তার বিবরণ নিচে প্রদান করা হলো :

**নলকূপ স্থাপন :**

- নিম্নআয় এলাকাবাসীদের সুপেয় পানির সুবিধা প্রদানের জন্য নির্ধারিত সংখ্যক নলকূপ স্থাপন করা হবে। নলকূপ স্থাপনের পর খাবার পানি এবং দৈনন্দিন গৃহস্থালী কাজে নলকূপের পানি ব্যবহারের মাধ্যমে নিম্নআয় এলাকাবাসীদের সুস্থ জীবনযাপন নিশ্চিত করার জন্য প্রধানত কমিউনিটি ফিল্ডওয়ার্কার এবং স্বাস্থ্যকর্মীগণ বিশেষভাবে লক্ষ্য রাখবেন;
- নিম্নআয় এলাকাতে সুবিধাভোগীদের প্রতি এক দলে (১০-১৫ টি পরিবারের জন্য) একটি করে হস্তচালিত নলকূপ, দেওয়া হবে। এই এলাকায় পূর্বে বসানো নলকূপ যদি থাকে তা প্রয়োজনে মেরামত করে এই প্রকল্পের সাথে যুক্ত করা যাবে;
- প্রতিদল থেকে একজন নারী কেয়ারটেকার নিযুক্ত করা হবে। এই কেয়ারটেকারকে প্রয়োজনে ডিপিএইচই-এর সহায়তায় স্থাপিত নলকূপের রক্ষণাবেক্ষণ সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হবে এবং তাকে রক্ষণাবেক্ষণের দায়িত্ব দেওয়া হবে। কেয়ারটেকারদের নলকূপের মালামাল সংগ্রহের পর এবং নলকূপ স্থাপনের পর মোট দু'বার প্রশিক্ষণ দেওয়া হবে। সংশ্লিষ্ট প্রাথমিক দল চাঁদা প্রদানের মাধ্যমে নলকূপের রক্ষণাবেক্ষণ ব্যয় মেটাবেন;
- নলকূপের জন্য প্রকল্প থেকে প্ল্যাটফরম নির্মাণের/মেরামতের মালামাল সরবরাহ করা হবে;
- প্রকল্পের জন্য বরাদ্দ নলকূপটি দলের পরিবারের সুবিধার্থে একটি উপযুক্ত জায়গায় বসাতে হবে। এই জায়গাটি সংশ্লিষ্ট পৌরসভা কর্তৃক অনুমোদিত হতে হবে। জায়গা অনুমোদিত হবার পর নলকূপের জন্য মালামাল সরবরাহ করা হবে;
- হস্তচালিত নলকূপের জন্য নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি (LINIC) এবং পৌরসভার কর্মচারী নলকূপ বসানোর সম্পূর্ণ দায়িত্ব নিবেন;
- গভীর নলকূপের ক্ষেত্রে পৌরসভা নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি (LINIC)'র তদারকিতে উপযুক্ত ব্যক্তি যারা গভীর স্থাপনে অভিজ্ঞ তাদের সহযোগিতায় পানি গুণগতমান পরীক্ষা সাপেক্ষে এবং প্রয়োজনে ডিপিএইচই-এর সাথে পরামর্শক্রমে তা স্থাপন করা যাবে;
- পৌরসভাকে নলকূপের জন্য একটি রেজিস্টার অবশ্যই তৈরি করতে হবে। এই রেজিস্টারে নলকূপের মালামালের মজুদের পরিমাণ, কোয়ারটেকারের নাম, নলকূপের সাইট, নলকূপের গভীরতা ও স্থাপনের তারিখ ইত্যাদি উল্লেখ করতে হবে;
- নলকূপ স্থাপন ও প্ল্যাটফরম নির্মাণের কাজ সংযুক্ত নকশা ও প্রাক্কলন মোতাবেক বাস্তবায়ন করতে হবে;
- নলকূপ স্থাপনের স্থান টয়লেট থেকে নিরাপদ দূরত্বে হতে হবে।

### টুইনপিট (স্যানিটারি) টয়লেট স্থাপন :

অস্বাস্থ্যকর কাঁচা টয়লেট এবং উন্মুক্ত স্থানে মলমূত্র ত্যাগের পরিবর্তে স্বাস্থ্যসম্মত ১/২ কক্ষ বিশিষ্ট ২ কুয়ার টয়লেট সুবিধা প্রদানের ব্যবস্থা প্রকল্পে রাখা হয়েছে। নিম্নআয় এলাকাতে প্রতি ৬ পরিবারের জন্য ২ কক্ষ বিশিষ্ট স্যানিটারি টয়লেট (পুরুষ ও নারীদের জন্য আলাদা আলাদা ব্যবহার নিশ্চিত করে) ও তিন পরিবারের জন্য এক কক্ষ বিশিষ্ট স্যানিটারি টয়লেট স্থাপন করা হবে। পৌরসভা নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রমের জন্য দুই কক্ষ বিশিষ্ট টয়লেট নির্মাণের নিম্নলিখিত নীতিমালা অনুসরণ করবে -

- টয়লেট স্থাপনের স্থান LINIC কর্তৃক অনুমোদিত হতে হবে;
- টয়লেট স্থাপনের রিং, পিট কভার, পানি সরবরাহ, প্ল্যাটফরমসহ শেল্টার নির্মাণের খরচ প্রকল্প থেকে দেওয়া হবে। LINIC নির্মাণ কাজ সম্পন্ন করবে;
- টয়লেটের ওভারহেড ট্যাংকে পানি উঠানোর জন্য মাসে যে বিদ্যুৎ বিল আসবে, নিম্নআয় এলাকার সুবিধাভোগী ৬/৩ টি পরিবারকে চাঁদা প্রদানপূর্বক এই মাসিক বিদ্যুৎ বিল পরিশোধ করার সম্মতিপত্র দিতে হবে;
- টয়লেটের দেয়াল ও ফ্লোরে টাইলসের এবং সাদা সিরামিক প্যান স্থাপন করতে হবে;
- টয়লেট নির্মাণের পর সুবিধাভোগীদের রক্ষাণাবেক্ষণের দায়িত্ব বহন করতে হবে;
- সরবরাহকৃত টয়লেটের ডিজাইন মোতাবেক দুই কক্ষ/এক কক্ষের দুই কুয়া বিশিষ্ট টয়লেট নির্মাণ করতে হবে;
- প্রতিবন্ধী ও বয়স্ক ব্যক্তিদের জন্য র‌্যামের ব্যবস্থা রাখতে হবে ;
- সংশ্লিষ্ট জেলার এলজিইডির সিডিউল রেট মোতাবেক প্রাক্কলন করতে হবে।

### ফুটপাত এবং ড্রেন নির্মাণ :

নিম্নআয় এলাকার অভ্যন্তরীণ পয়ঃনিষ্কাশন ও চলাচলের সুবিধা প্রদানের জন্য ফুটপাত ও ড্রেন নির্মাণ করা হবে। ড্রেন নির্মাণ পরিকল্পনার সময় অবশ্যই কাছাকাছি মূল পয়ঃপ্রনালীর পরিত্যক্ত ডোবার সংযোগের বিষয় বিবেচনা করতে হবে। অনুরূপভাবে অভ্যন্তরীণ ফুটপাতের কাছাকাছি বর্হিগমন রাস্তার সাথে পথ নির্মাণের কথা বিবেচনা করে পরিকল্পনা তৈরি করতে হবে।

- নিম্নআয় এলাকাতে সুবিধাভোগী পরিবারের সংখ্যা অনুযায়ী ড্রেন এবং ফুটপাত নির্মাণ করা হবে। প্রতি পরিবারের জন্য ১০ মিটার হারে/প্রয়োজন মাফিক ফুটপাত এবং ৫ মিটার হারে/প্রয়োজন মাফিক ড্রেন নির্মাণ করা হবে। নির্মাণ কাজ সংশ্লিষ্ট জেলার এলজিইডি সিডিউল রেট মোতাবেক করতে হবে। এই সংক্রান্ত সংযোজিত ডিজাইন অনুসরণ করতে হবে। তবে বাস্তব অবস্থার ভিত্তিতে ড্রেনের গভীরতা এবং সেই সাথে প্রশস্ততা কমানো বা যেতে পারে (সে মোতাবেক গভীরতা ৬ ইঞ্চি থেকে আরম্ভ করা যাবে)। তবে এসব ক্ষেত্রে আলাদা প্রাক্কলন থাকতে হবে;
- প্রতিটি নিম্নআয় এলাকাতে ফুটপাত ও ড্রেনের প্রয়োজন নাও হতে পারে। প্রয়োজন হলে ফুটপাত ও ড্রেনের ক্ষেত্রে প্রত্যেক নিম্নআয় এলাকায় একই নিয়ম অনুসরণ করতে হবে। তবে বিশেষ ক্ষেত্রে প্রয়োজন হলে দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির অনুমোদনক্রমে উপরোক্ত নিয়মের ব্যতিক্রম করা যেতে পারে;
- ড্রেন এবং ফুটপাতের এলাইনমেন্ট নিম্নআয় এলাকার কোন দিকে যাবে পৌরসভার প্রকৌশলীদের সহায়তায় নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি তা নির্ধারণ করবে। কাজ আরম্ভ করার পূর্বে LINIC মাস্টারপ্ল্যান তৈরি করবে এবং কমিটির সভায় তা অনুমোদিত হতে হবে। এ প্রসঙ্গে পৌর প্রকৌশলী/সমাজ উন্নয়ন কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সহযোগিতা নেওয়া যাবে;
- সুবিধাভোগীরা পরবর্তীতে ফুটপাত এবং ড্রেন রক্ষণাবেক্ষণ করবেন। তবে ব্যাপক আকারে রক্ষণাবেক্ষণ কাজ করতে হলে সে ব্যাপারে পৌরসভা তাদের নিজস্ব তহবিল থেকে ব্যয় বহন করবে। সঠিকভাবে রক্ষণাবেক্ষণের দায়িত্ব দলনেত্রীদের মধ্যে অর্পিত হবে। দলনেতাগণ নিজ নিজ অবস্থানের ফুটপাত এবং ড্রেন রক্ষণাবেক্ষণের দায়িত্ব সকল সদস্যবৃন্দের সাথে মিলিত ভাবে সম্পাদন করবেন। কোন দলের রক্ষণাবেক্ষণ কাজ ভালো না হলে প্রকল্পের সুযোগ-সুবিধা (যেমন : প্রশিক্ষণ, ভৌত উন্নয়ন ইত্যাদি) প্রদান থেকে তাদের বাদ দেওয়া যেতে পারে;
- ফুটপাত এবং ড্রেন নির্মাণ কাজ সংযুক্ত নকশা ও প্রাক্কলন মোতাবেক সম্পন্ন করতে হবে।

### পাকা ডাস্টবিন নির্মাণ :

নিম্নআয় এলাকাকে আবর্জনামুক্ত রাখার লক্ষ্যে পাকা ডাস্টবিন স্থাপন করা হবে। তবে যেখানে পৌরসভার আবর্জনাবাহী ট্রাক প্রবেশ করতে পারে এমন একটি স্থানে তা স্থাপন করা হবে না। নিম্নআয় এলাকাবাসীগণ নিজ নিজ বাসার আবর্জনা যাতে ডাস্টবিনে ফেলেন সে ব্যাপারে কমিউনিটি ফিল্ডওয়ার্কার ও সংশ্লিষ্ট দলনেতাগণ ব্যবস্থা নিবেন।

- নিম্নআয় এলাকাতে প্রতি ৫০ থেকে ১০০টি পরিবারের জন্য একটি করে পাকা ডাস্টবিন নির্মাণ করা হবে। নিম্নআয় এলাকাতে পরিবারের সংখ্যা ১০০ টির অধিক হলে অনুরূপভাবে বর্ধিত পাকা ডাস্টবিন নির্মাণ করা হবে। তবে ক্ষেত্রবিশেষে নির্বাচিত নিম্নআয় এলাকাতে পরিবার সংখ্যা ৫০ টির কম হলেও একটি ডাস্টবিন নির্মাণ করা যেতে পারে;
- LINIC-এর সিদ্ধান্ত মোতাবেক ডাস্টবিন নির্মাণের স্থান নির্ধারণ করতে হবে;

- নিম্নআয় এলাকাতে নির্মিত পাকা ডাস্টবিন হতে পৌরসভা যথাসময়ের আবর্জনা অপসারণের ব্যবস্থা করবে;
- সরবরাহকৃত ডাস্টবিনের ডিজাইন এবং প্রাক্কলন মোতাবেক পাকা ডাস্টবিন নির্মাণ করতে হবে।

**সড়ক বাতি স্থাপন :**
নিম্নআয় এলাকার সড়কসমূহ ও তৎসংলগ্ন এলাকা আলোকিত করার লক্ষ্যে প্রতি ২০ পরিবারের জন্য একটি করে সড়ক বাতি/সৌরবাতি স্থাপন করা হবে।

- সড়ক বাতি/ সৌরবাতি স্থাপন ও অবকাঠামো নির্মাণের পর তা পৌরসভার ইনভেন্টরিতে অন্তর্ভুক্ত করতে হবে ;
- সড়ক বাতি/সৌরবাতি প্রথম পাঁচবছর রক্ষণাবেক্ষণের দায়িত্বের পালন করবে স্থাপনকারী প্রতিষ্ঠান/কোম্পানী। পরবর্তীতে রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করবে পৌরসভা ;
- সরবরাহকৃত ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক সড়ক বাতি স্থাপন করতে হবে ;

বৃক্ষরোপণ :

- প্রতিটি LINIC নির্মিত ফুটপাতের পাশে ১০০টি (দেশজ ও ভেষজ ) গাছ লাগাবে। ফুটপাতের পাশে গাছ লাগানোর সুযোগ না থাকলে LINIC কর্তৃক নির্ধারিত স্থানসমূহে গাছ লাগাতে হবে।
- গাছের পরিচর্যা LINIC সদস্যগণ করবেন।
- গাছের সুরক্ষায় চারপাশে বেড়া দেওয়া ব্যবস্থা করতে হবে।

## ৩.৪ ত্রি-পক্ষীয় চুক্তি

**নিম্নআয় এলাকা উন্নয়নের জন্য চুক্তিপত্র সম্পাদন :** সংশ্লিষ্ট পৌরসভার মেয়র, LIN-এর জমির মালিক এবং LINIC-এর সভাপতির মধ্যে স্বাক্ষরিত চুক্তি ত্রি-পক্ষীয় চুক্তি হিসেবে বিবেচিত হবে। চুক্তিতে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে যে LIN-এর সুবিধাভোগীদের এলাকা উন্নয়নের ৫ বছরের মধ্যে উচ্ছেদ করা যাবে না।

কোন অনুমোদিত নিম্নআয় এলাকাতে কার্যক্রম শুরু করার পূর্বে উক্ত নিম্নআয় এলাকার জমির মালিকদের সঙ্গে অবশ্যই একটি ৩০০ (তিনশত) টাকার ননজুডিসিয়াল স্ট্যাম্পে ত্রি-পক্ষীয় চুক্তিপত্র সম্পাদন করতে হবে (সংযোজনী-০২)। এই ত্রি-পক্ষীয় চুক্তিপত্র পৌরসভা, জমির মালিক এবং নিম্নআয় কমিউনিটি উন্নয়ন কমিটি (LINIC)-সভাপতি দ্বারা সম্পাদিত হবে। এই ত্রি-পক্ষীয় চুক্তিপত্রের উদ্দেশ্য হলো নিম্নআয় এলাকাতে বসবাসরত সুবিধাভোগীদের ভাড়াটিয়া হিসেবে স্বীকৃতি দেওয়া ও নিরাপত্তা প্রদান করা। চুক্তিপত্রে নিম্নলিখিত শর্তসমূহ থাকতে হবে -

**চুক্তিপত্রের প্রধান শর্তসমূহ :**

- পৌরসভা পরবর্তী ৫ বছরের জন্য নির্বাচিত নিম্নআয় এলাকার হোল্ডিং ট্যাক্স বাড়াতে পারবে না;
- নিম্নআয় এলাকার মালিকগণ সুবিধাভোগীদের পরবর্তী ৫ বছরের মধ্যে নিম্নআয় এলাকা থেকে উচ্ছেদ করতে পারবে না;
- নিম্নআয় এলাকার মালিকগণ পরবর্তী ৫ বছরের মধ্যে প্রকল্প থেকে প্রাপ্ত সুবিধা দেখিয়ে ভাড়া বাড়াতে পারবে না, (তবে মালিকগণ ঘরের উন্নয়ন করলে পৌরসভা এবং ভাড়াটিয়াদের সঙ্গে আলোচনা সাপেক্ষে যুক্তিসংগত ভাড়া বৃদ্ধি করা যেতে পারে) যা ত্রি-পক্ষীয় চুক্তিপত্রে উল্লেখ থাকতে হবে;
- পৌরসভার মধ্যে সরকারি মালিকানাধীন জমির ক্ষেত্রে প্রশাসন/ উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে আলোচনা করে ৫ বছরের মধ্যে নিম্নআয় এলাকার সুবিধাভোগীদের উচ্ছেদ করা হবে না মর্মে সম্মতিতে নিম্নআয় এলাকা নির্বাচন করা যাবে।

**নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির (LINIC)-এর নামে ব্যাংকে হিসাব খোলা :**
প্রতিটি নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির (LINIC) নামে (যেমন : হাটখোলা নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি/হাটখোলা LINIC নিকটস্থ বাণিজ্যিক ব্যাংকে একটি এসটিডি অ্যাকাউন্ট খুলতে হবে। উক্ত অ্যাকাউন্টি LINIC-এর সভাপতি ও সদস্য-সচিবের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। নিম্নআয় এলাকাতে যেকোন উন্নয়ন কাজ বাস্তবায়নের জন্য এই অ্যাকাউন্টে অর্থ জমা করা হবে। ক্যাপাসিটি ডেভেলোপমেন্ট অ্যাসোসিয়েট/সমাজ উন্নয়ন কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যাংকে অ্যাকাউন্ট খোলার ব্যাপারে LINIC কে সহযোগিতা করবেন।

## ৩.৫ একটি উপ-প্রকল্প প্রণয়ন

প্রকল্প পরিচালকের কাছ থেকে একটি সাব-প্রকল্পের অনুমোদন পাওয়ার জন্য পৌরসভাসমূহকে নিম্নলিখিত দলিলসমূহ প্রকল্প নীতিমালা অনুযায়ী প্রণয়ন এবং পিএমইউতে নিম্নলিখিত নথিগুলো পাঠাতে হবে:

১. প্রয়োজনীয় নথিসহ কমিউনিটি কর্মপরিকল্পনা (CAP);
২. উপ-প্রকল্পের প্রাক্কলন;
৩. পৌরসভা মানচিত্রে LIN-এর অবস্থানচিত্র;
৪. বর্তমান অবকাঠামোর ছবি (জিপিএস মানচিত্র ব্যবহার করে) যেমন-টয়লেট, নলকূপ, ডাস্টবিন, ফুটপাত/ওয়াকওয়ে, ড্রেন ইত্যাদি (সফটকপি জেপিজি ফরম্যাট);
৫. পানির গুণমান পরীক্ষার রিপোর্ট (আর্সেনিক, ম্যাঙ্গানিজ, আয়রন, দৃঢ়তা, ইত্যাদি);
৬. LINIC কমিটির ১৫ জন সদস্যের নাম ও পদবি ইংরেজিতে (সফটকপি);
৭. সামাজিক অবস্থাচিত্র সমস্ত LIN-এলাকার ড্রেনেজ আউটলেট দেখা যাচ্ছে এমন (সফ্টকপি);
৮. LIN বাসিন্দাদের আলোচনাসভা (পাবলিক কনসালটেশন মিটিং) অংশগ্রহণকারীর নাম স্বাক্ষরিত কপি ছবিসহ;
৯. অভিযোগ প্রতিকার কমিটি (GRC) নাম ও পদবি ইংরেজিতে (সফটকপি);
১০. ত্রি-পক্ষীয় চুক্তি (স্ক্যানকপি);
১১. স্থায়ী কমিটির সভার রেজুলেশন (LIN অনুমোদন), নাম ও স্বাক্ষর (স্ক্যানকপি);
১২. LIN সার্ভে রিপোর্টের সফটকপি (LIN নাম-প্রাথমিক দল নাম, নম্বর এবং সদস্য সংখ্যা-HH-মহিলা-পুরুষ-মোট জনসংখ্যা)-ওয়ার্ড অনুযায়ী;
১৩. ২০২৪-২০২৯ PRAP (স্ক্যান কপি)।

## ৩.৬ অবকাঠামোর নকশা প্রণয়ন

ম্যানেজমেন্ট, ডিজাইন ও সুপারভিশন কনসালটেন্ট (এমডিএস) অবকাঠামোর নমুনা নকশা ও অঙ্কন (design and drawing) তৈরি করবে। আইইউজিআইপির প্রকল্প পরিচালক তা যাচাই-বাছাই করে অনুমোদন দিবেন। অনুমোদনের পর তা পৌরসভায় পাঠানো হবে।

**প্রাক্কলন প্রস্তুত:** পিআইইউ, প্রকল্প পরিচালক, আইইউজিআইপি দ্বারা প্রদত্ত নকশা এবং অঙ্কন ভিত্তিতে LIN-এর সঙ্গে আলাপ-আলোচনা ও তাদের মতামতের আলোকে নির্বাচিত অবকাঠামোর প্রাক্কলন প্রস্তুত করতে হবে। যেহেতু প্যাকেজগুলো LINIC দ্বারা বাস্তবায়িত হবে সুতরাং ঠিকাদারের ১০ ভাগ লাভ্যাংশ প্রতিটি উপকরণে যে হার নির্ধারণ করা হয়েছে তা থেকে বাদ দিতে হবে।

## ৩.৭ উপ-প্রকল্প অনুমোদন

আইইউজিআইপির প্রকল্প পরিচালক বরাবর পৌরসভা প্রয়োজনীয় কাগজপত্রসহ LIN উপ-প্রকল্প এবং CAP-এর প্রাক্কলন জমা দিবে। প্রকল্প পরিচালক পর্যালোচনার জন্য এই নথিগুলো টিম লিডার, এমডিএসকে প্রেরণ করবেন এবং এমডিএস টিম প্রাক্কলন পরীক্ষা-নিরীক্ষা করবে। এমডিএস খরচের সারাংশ এবং বিল অফ কোয়ান্টিটি (BoQ) সহ প্রকৌশলগত প্রাক্কলন প্রস্তুত করবে। আবার এমডিএস SPAR এবং IEEI প্রস্তুত করবে। সমস্ত নথি (সারাংশের খরচসহ বিশদ প্রাক্কলন, প্রকৌশলগত প্রাক্কলন, BoQ, IEE, অঙ্কন টিম লিডার কর্তৃক প্রকল্প পরিচালকের অফিসে পাঠাতে হবে। আরও, সমস্ত নথি পিএমইউ দ্বারা পর্যালোচনা সাপেক্ষে এডিবিতে পাঠাতে হবে। এডিবির কোনো আপত্তি না থাকলে প্রকল্প পরিচালক বাস্তবায়নের জন্য উপ-প্রকল্পটি পিআইইউতে পাঠাবেন।

## ৩.৮ উপ-প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন ধাপসমূহ

সমস্ত প্রাক্কলন অনুমোদন জন্য প্রকল্প পরিচালক, আইইউজিআইপি, পিআইইউ বরাবর পাঠাতে হবে। একটি প্যাকেজ বেশ কয়েকটি লট নিয়ে গঠিত যেখানে একটি LIN-এর সমস্ত কাজগুলো একটি লটে অন্তর্ভুক্ত করতে হবে। একটি লটের আনুমানিক মূল্য এক কোটি টাকার বেশি হওয়া উচিত নয়। প্রতিটি প্যাকেজে সর্বোচ্চ ৫ টি লট থাকতে পারে। উপ-প্রকল্পটি নিম্নোক্ত শর্তাবলীর সাপেক্ষে বাস্তবায়িত হবে:

ক) উপ-প্রকল্পের অনুমোদন প্রাপ্তির ৭ কার্যদিবসের মধ্যে পৌরসভার পক্ষে মেয়র এবং LINIC-এর পক্ষে সভাপতির মধ্যে সংযুক্ত নন-জুডিশিয়াল স্ট্যাম্পের নির্দেশসহ প্রতিটি LINIC-এর সাথে আলাদাভাবে টাকা ৩০০.০০ টাকার স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করা হবে (২ সেট)। চুক্তির ৭ কার্যদিবসের মধ্যে এক সেট চুক্তি (অরিজিনাল) পিএমইউতে পাঠাতে হবে।

খ) চুক্তি সম্পাদনের পর, LINIC-এর নিকটবর্তী বাণিজ্যিক ব্যাংকে একটি Saving Transaction Deposite (STD) অ্যাকাউন্ট খুলতে হবে এবং উল্লিখিত অ্যাকাউন্টটি LINIC-এর সভাপতি এবং সদস্য-সচিবের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

গ) LINIC-এর সভাপতি অনুমোদিত অবকাঠামো উন্নয়ন কাজগুলো বাস্তবায়নের লক্ষ্যে একটি সভা আহবান করবেন এবং আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হবে এবং আলোচনা নথিভুক্ত করতে হবে। LINIC পৌরসভার কাছে শতকরা ২০ ভাগ পর্যন্ত অগ্রিম অর্থ ছাড়ের জন্য আবেদন করতে পারবে। LINIC-সমূহের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট পৌরসভা পিএমইউতে অর্থ ছাড়ের জন্য সুপারিশ করবে। এ আবেদন পরীক্ষা-নিরীক্ষা করে পিএমইউ অর্থ ছাড়ের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিবে স্থানীয় এজি অফিস মাধ্যমে অগ্রিম টাকা LINIC-এর অ্যাকাউন্টে স্থানান্তর করবে। পিএমইউ বিষয়টি পৌরসভাকে অবহিত করবে।

একইভাবে, প্রতিটি কিস্তির সমন্বয়ের ভিত্তিতে দ্বিতীয় অগ্রিম, তৃতীয় অগ্রিম এবং চতুর্থ অগ্রিম প্রদান করবে। চার কিস্তিতে LINIC চুক্তিকৃত অর্থের শতকরা ৮০ ভাগ তহবিল পাবে, তবে তাদের চুক্তি অনুযায়ী পুরো কাজ সম্পন্ন করতে হবে। সম্পূর্ণ কাজ শেষ হওয়ার পর প্রয়োজনীয় নথিসহ LINIC চূড়ান্ত বিলের (পঞ্চম কিস্তি) জন্য আবেদন করবে। যেকোনো অব্যবহৃত ব্যালেন্স ১৫ কার্যদিবসের মধ্যে সরকারের পদ্ধতি অনুসরণ করে ফেরত দিতে হবে।

ঘ) চুক্তি সম্পাদনের সাত কার্যদিবসের মধ্যে কাজ শুরু করার জন্য LINIC প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। স্পেসিফিকেশন অনুযায়ী (১.৫ মি X ১.০০ মি), প্রতিটি LINIC-এ একটি সাইন বোর্ড স্থাপন করতে হবে, LIN-এর প্রবেশপথে প্রকল্পের নাম, কাজের নাম, কাজের স্পেসিফিকেশন, সময়, আনুমানিক খরচ, চুক্তির তারিখ এবং সমাপ্তি কাল উল্লেখ করতে হবে। LINIC সভাপতি এবং সদস্য সচিবের নামও উল্লেখ করতে হবে। এছাড়াও পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা (ইএমপি) সাইন বোর্ডে প্রর্দশন করতে হবে।

ঙ) নির্মাণ কাজ শুরু করার আগে স্পেসিফিকেশন অনুযায়ী নির্মাণ সামগ্রীর গুণমান সঠিক কিনা তা পৌরসভার প্রকৌশলী-ইন-চার্জ (উক্ত LINIC-এর সদস্য সচিব নয়) এবং ME, MDS পরামর্শকদের দ্বারা যৌথভাবে পরিবীক্ষণ করতে হবে। যদি উপকরণের মান সন্তোষজনক হয়, তবে সাইটের আদেশ বইতে একই কাজের জন্য একটি লিখিত অনুমতি দেওয়া হবে। ল্যাবটেস্ট পরিমাণ অনুযায়ী, LINIC এলজিইডির ল্যাবরেটরিতে পণ্যের গুণমান পরীক্ষা করবে এবং রিপোর্ট সংরক্ষণ করা হবে। সাব-প্রকল্পের অনুমোদিত বরাদ্দ থেকে LINIC-এর সংশ্লিষ্ট ব্যয় LINIC বহন করবে।

চ) অর্থপ্রাপ্তির তিন কার্যদিবসের মধ্যে, LINIC একটি বিশেষ সভা আহ্বান করবে। সভার সিদ্ধান্ত অনুযায়ী কাজ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় মালামাল কিনতে এ অর্থ ব্যয় করা হবে। খরচের জন্য সমস্ত বিল-ভাউচার LINIC-এর সভায় অনুমোদিত হবে এবং কিস্তি সমন্বয়ের জন্য পৌরসভায় জমা দিতে হবে। উপরন্তু, বিল ভাউচারের সাথে সভার কার্যবিবরণীও সংযুক্ত করতে হবে।

ছ) প্রত্যেক LINIC-কে ব্যাংক অ্যাকাউন্ট পরিচালনার জন্য একটি রেজিস্টার মেইনটেন করতে হবে। উল্লেখিত রেজিস্টারে জমা ও ব্যয়ের হিসাব সংরক্ষণ থাকবে।

জ) অর্থ প্রদানের তিন কার্যদিবসের মধ্যে মানসম্পন্ন নির্মাণ সামগ্রী এবং জনবল সংগ্রহ করতে হবে এবং অনুমোদিত কাজের বাস্তবায়ন শুরু করতে হবে। চুক্তি সম্পাদনের তারিখ থেকে ৩৬৫ দিনের মধ্যে কাজ শেষ করতে হবে।

ঝ) সমাজ উন্নয়ন কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা LIN-এর উন্নয়নে কার্যক্রম (কমিউনিটি মোবিলাইজেশন/সিডিএ) তাদের সার্বিক সহায়তার বাস্তবায়ন করবে।

ঞ) অনুমোদিত নকশা এবং স্পেসিফিকেশন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে। প্রকল্প বাস্তবায়নে LINIC-কে কারিগরি সহায়তা প্রদানের জন্য পৌরসভা/প্রকল্প একজন প্রকৌশলী {সাব অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) এর নিচে নয়} এবং একজন ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট (উক্ত LINIC-এর সদস্য নয়) নিয়োগ করবে।

ত) পৌরসভাকে অনুমোদিত প্রকল্পের এমই, এমডিএস পরামর্শকদের সহায়তায়, পৌরসভার ইনচার্জ প্রকৌশলী নির্মাণ কাজে ব্যবহার করার জন্য উপকরণের বিবরণী প্রস্তুত করবেন এবং প্রাক্কলন অনুমোদনের ভিত্তিতে এটি LINIC-কে সরবরাহ করবেন। বিজ্ঞপ্তি অনুসারে LINIC স্থানীয় বাজার থেকে বাজারদর যাচাই-বাছাই করে পণ্য ক্রয় এবং অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ বাস্তবায়ন করবে।

থ) প্রতিটি অগ্রিম এবং চূড়ান্ত বিল পরিশোধের সময় পৌর কর্তৃপক্ষ সরকারি নিয়মানুযায়ী মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং আয়কর কেটে নিয়ে সরকারের নির্ধারিত অ্যাকাউন্টে টাকা জমা দিবে এবং ভাউচার সংগ্রহ করবে। ভাউচারের আসল কপি সংরক্ষণ করতে হবে এবং ফটোকপি পিএমইউতে পাঠাতে হবে।

দ) অনুমোদিত প্রাক্কলন, স্পেসিফিকেশন বা নকশা পরিবর্তন করার প্রয়োজন হলে সেই ক্ষেত্রে কাজ শুরু করার আগে পিএমইউ থেকে প্রশাসনিক অনুমোদন নিতে হবে। কোনো অবস্থাতেই পিএমইউ-এর অনুমোদন ছাড়া স্থানীয় পর্যায়ে কোনো পরিবর্তন করা যাবে না।

ধ) LINIC দ্বারা নকশা, অনুমান, স্পেসিফিকেশন অনুযায়ী কাজ শেষ হলে পৌরসভার দায়িত্বশীল প্রকৌশলী (LINIC-এর সদস্য সচিব নয়), ME, MDS পরামর্শকগণ যৌথভাবে চূড়ান্ত বিল প্রস্তুত করবেন, LINIC সভাপতি এবং সদস্যের উপস্থিতিতে পরিমাপ বই তথ্য রেকোর্ড করা হবে। পিএমইউ থেকে অনুমোদন পাওয়ার পর সমস্ত অগ্রিম বিল ভাউচারের সমন্বয়ের ভিত্তিতে চূড়ান্ত বিল LINIC-কে প্রদান করা হবে।

ন) আইআইএস-এর প্রধান নিশ্চিত করবেন যে প্রতি মাসের কাজের অগ্রগতি রিপোর্ট নির্ধারিত ফরম্যাটে পরবর্তী মাসের তিন কার্যদিবসের মধ্যে প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটে পাঠানো হয়েছে।

## ৩.৯ কমিউনিটির অংশগ্রহণে ক্রয় (সিপিপি) প্রক্রিয়া বাস্তবায়ন :

সিপিপি হলো সরাসরি ক্রয় পদ্ধতি এবং এটি সরকারি ক্রয় বিধির ৭৬ (৩) এবং ৭৬ (৪) অনুচ্ছেদ অনুসরণ করে করা যেতে পারে। এই বিষয়ে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র এবং LINIC-এর সভাপতির মধ্যে একটি চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তির একটি নমুনা সংযুক্ত করা হয়েছে।

"কমিউনিটির অংশগ্রহণে ক্রয়" প্রক্রিয়ায় নিম্নআয় এলাকায় বসবাসরত জনগণকে অবকাঠামো উন্নয়ন কাজের ক্রয় ও বাস্তবায়নে প্রক্রিয়ায় সম্পৃক্ত করতে হবে। নিম্নআয় কমিউনিটির জনগণ যাতে প্রকল্প সনাক্তকরণে সক্রিয়ভাবে অংশ নেয় এবং তারা এ ব্যাপারে ক্ষমতায়িত হয় তা বিবেচনায় রাখতে হবে। এই ক্রয় প্রক্রিয়া কীভাবে সম্পাদন করা যাবে তা নিচে ধাপে ধাপে তুলে ধরা হলো:

**ক) কমিউনিটির চাহিদা মূল্যায়ন :** অবকাঠামো উন্নয়নের অগ্রাধিকার নির্ধারনের ব্যাপারে নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটিকে অবহিত এবং সহায়তা করা। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে আবাসন উন্নয়ন, স্যানিটেশন সুবিধা, পানি সরবরাহ, নিষ্কাশন ব্যবস্থা, সড়ক এবং অন্যান্য প্রয়োজনীয় অবকাঠামোর উন্নয়ন বিষয়ে চাহিদা মূল্যায়ন।

**খ) সক্ষমতা উন্নয়ন :** প্রশিক্ষণ ও সক্ষমতা উন্নয়নের মাধ্যমে নিম্নআয় এলাকার বসবাসরত জনগণ যাতে ক্রয় প্রক্রিয়ায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারে সেজন্য তাদের জ্ঞানগত ও দক্ষতাগত উন্নয়ন প্রয়োজন। প্রশিক্ষণের অন্তর্ভুক্ত বিষয়গুলো মধ্যে থাকতে পারে প্রকল্প ব্যবস্থাপনা, বাজেট, ক্রয় প্রক্রিয়া এবং কমিউনিটি সংগঠিত করা।

**গ) প্রকল্প নির্বাচন ও পরিকল্পনা :** অংশগ্রহণমূলক প্রক্রিয়া অনুসরণের মাধ্যমে নিম্নআয় এলাকার মানুষ তাদের চাহিদার ভিত্তিতে অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত প্রকল্পগুলো নির্বাচন ও পরিকল্পনার অগ্রাধিকার নির্ধারণ করতে সেদিকে গুরুত্ব দিতে হবে।

প্রকল্প প্রস্তাবনা তৈরির ক্ষেত্রে কমিউনিটির মানুষদের ধারণা ও ফিডব্যাক প্রদান এবং সংশ্লিষ্ট অংশীজনদের সহযোগিতার ব্যাপারে উৎসাহিত করতে হবে। আরবিএল কর্মসূচির আওতায় যেসকল নলকূপ বা গভীর নলকূপ আর্সেনিকযুক্ত সেগুলো চিহ্নিতকরণ এবং বাদ দেওয়ার ক্ষেত্রে (যেগুলোর ক্ষেত্রে পানি পান যোগ্য মান অতিক্রম করে সেগুলোর ক্ষেত্রে প্রযোজ্য) সুনির্দিষ্ট প্রোটোকল/গাইডলাইন থাকবে; টয়লেট/সেপটিক ট্যাঙ্ক সাইটিং এবং নকশা এবং নির্দেশিকাগুলোর জন্য ভূগর্ভস্থ পানি অপচয় এবং দূষণ রোধ; বাতিল হওয়া বিষয়গুলো পুনচক্রায়ন, সড়কে ব্যবহৃত সৌরবাতি মেয়াদোত্তীর্ণ হলে কী করতে হবে তাও অন্তর্ভুক্ত থাকবে। আইইউজিআইপি প্রকল্পের আওতায় নিম্নআয় এলাকার পানির মান পরীক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা থাকবে এবং তা বাস্তবায়িত হবে। প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন ডকুমেন্টে (পিআইডি) প্রদত্ত নির্দেশিকা অনুসরণে তা করা হবে।

**ঘ) বাজেট এবং সম্পদ সংগ্রহ:** চিহ্নিত প্রকল্পগুলো বাস্তবায়নে বাস্তবসম্মত বাজেট প্রণয়ন এবং প্রকল্প থেকে বরাদ্দ বাজেটের বাইরেও কীভাবে বিভিন্ন উৎস থেকে সম্পদ সংগ্রহ করা যায় সে ব্যাপারে LINIC-এর সঙ্গে কাজ করতে হবে। এর মধ্যে সরকারের তহবিল, উন্নয়ন সংস্থা, ক্ষুদ্রঋণ পরিষেবাগুলোতে প্রবেশাধিকার বা কমিউনিটির অনুদান অন্তর্ভুক্ত থাকতে পারে।

**ঙ) ক্রয় প্রক্রিয়া তৈরি :** স্বচ্ছ ও অন্তর্ভুক্তিমূলক প্রক্রিয়া অনুসরনের মাধ্যমে ক্রয় প্রক্রিয়া তৈরি করতে হবে যাতে নিম্নআয় এলাকার জনগণ প্রতিটি পর্যায়ে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারে। স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করতে ক্রয় পদ্ধতি, মানদণ্ড এবং সময়সীমা স্পষ্টভাবে তুলে ধরতে হবে।

**চ) ভেন্ডর নির্বাচন এবং চুক্তি :** একটি অংশগ্রহণমূলক পদ্ধতি অনুসরণের মাধ্যমে ভেন্ডর নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। সহজ উপায়ে LINIC যাতে দরপত্র মূল্যায়ন, ভেন্ডর নির্বাচন এবং অবকাঠামোগত কাজের জন্য চুক্তি বিষয়ে ভেন্ডরের সঙ্গে দেন-দরবার

(negotiation) করতে পারে সেই বিষয়ে সহায়তা করতে হবে। এটা নিশ্চিত করতে হবে যে কারিগরি দক্ষতা, ব্যয়-সাশ্রয় (cost effectiveness) এবং কাজের মান নিশ্চিত করে ভেন্ডর নির্বাচন করা হয়েছে।

**ছ) প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া তদারকি :** নিম্নআয় এলাকার বাসিন্দাদের জন্য গৃহীত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন পরিবীক্ষণ এবং মান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্নের জন্য তদারকি ব্যবস্থা প্রতিষ্ঠা করতে হবে। এর জন্য গৃহীত প্রকল্পের পরিবীক্ষণ কমিটি গঠন এবং ঠিকাদারদের সঙ্গে সরাসরি ও নিয়মিত যোগাযোগ রাখতে হবে।

**ঝ) রক্ষণাবেক্ষণ এবং স্থায়িত্বের জন্য LINIC-এর সক্ষমতা বৃদ্ধি :** প্রকল্পের নির্মিত অবকাঠামো কাজ রক্ষণাবেক্ষণ ও স্থায়িত্বের জন্য LINIC-এর সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ ও প্রয়োজনীয় সহায়তা দিতে হবে। LIN-কে এমনভাবে ক্ষমতায়িত করতে হবে যাতে নির্মিত অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও স্থায়িত্বের ব্যাপারে তাদের মধ্যে মালিকানাবোধ সৃষ্টি হয়।

**ঞ) পরিবীক্ষণ ও মূল্যায়ন (এম অ্যান্ড ই) :** অবকাঠামোর গুণমান, ব্যয়-সাশ্রয়ী এবং স্থায়িত্বের ব্যাপারে কমিউনিটির অংশগ্রহণে যে ক্রয় প্রক্রিয়া তার প্রভাব মূল্যায়নের জন্য পরিবীক্ষণ ও মূল্যায়ন কৌশল প্রতিষ্ঠা করতে হবে। চলমান কাজ বাস্তবায়ন প্রক্রিয়া উন্নত করার জন্য LIN এবং অন্যান্য অংশীজনদের কাজ থকে মতামত নিতে হবে।

**ত) জ্ঞান বিনিময় ও উত্তম চর্চার পুনঃব্যবহার** (replication of best practices) **:** কমিউনিটির অংশ যে ক্রয় প্রক্রিয়া সেই বিষয়ে অর্জিত অভিজ্ঞতা, উত্তম অনুশীলন, সাফলতা একইধরনের নিম্নআয় এলাকার মানুষদের আর্থসামাজিক অবস্থা উন্নয়নে কাজে লাগানো যেতে পারে। জ্ঞান আদান-প্রদান এবং সফল মডেলকে কার্যকরভাবে দাঁড় করানোর জন্য পিয়ার লার্নিং নেটওয়ার্ক এবং সংশ্লিষ্ট প্ল্যাটফর্মগুলো অভিজ্ঞতাগুলো বিনিময় করা যেতে পারে।

উপরোক্ত পদক্ষেপগুলো অনুসরণের মাধ্যমে নিম্নআয় এলাকার বসবাসরত মানুষদের সক্রিয় অংশগ্রহণ ও ক্ষমতায়নের মাধ্যমে যে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হবে তা অধিকতর অন্তর্ভুক্তিমূলক, কার্যকর এবং টেকসই অবকাঠামো উন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে।

## ৩.১০ LINIC কর্তৃক অবকাঠামো উন্নয়নে উপ-কমিটি গঠনের প্রয়োজনীয়তা

ক) **পরিকল্পনা ও বাস্তবায়ন কমিটি:** এ কমিটি সাত সদস্যের সমন্বয় গঠিত হবে, তিনজন LINIC থেকে, একজন SAE পৌরসভা/প্রকল্প থেকে, একজন XEN/ সহকারী প্রকৌশলী পৌরসভা/প্রকল্প থেকে, একজন MDS পরামর্শক (ME) এবং GICD-এর একজন প্রতিনিধি। XEN কমিটির সমন্বয়ক হিসেবে কাজ করবে। কমিটি চলমান সব কাজ দেখবেন। কাজ শুরু করার আগে তারা একটি বৈঠকের ব্যবস্থা করবেন এবং কীভাবে কাজ বাস্তবায়ন হবে তার পরিকল্পনা করবেন। তারা কাজের পরিকল্পনা তৈরি করবেন এবং কাজের অগ্রগতি ত্বরান্বিত করার চেষ্টা করবেন। এই কমিটি অন্যান্য কমিটির সাথে সমন্বয় করবে; যেমন ক্রয় কমিটি, নিরীক্ষা কমিটি এবং অর্থ ব্যবস্থাপনা কমিটি। কমিটি সড়কের ক্রমস্তর বিবেচনায় যেসব উপকরণ লাগবে সেগুলোসহ মাটি ও নির্মাণ উপরকরণগুলোর মান এলজিইডির ল্যাবরেটরিতে পরীক্ষার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিবে। কমিটি সাপ্তাহিক/পাক্ষিক একটি বৈঠকের ব্যবস্থা করবে এবং কাজের সাথে সম্পর্কিত সমস্ত সমস্যা এবং কীভাবে সমস্যাগুলো সমাধান করা যায় সে সম্পর্কে আলোচনা করবে। তারা তাদের টার্গেট অনুযায়ী কাজ বাস্তবায়ন করবে। সকল সদস্যদের ডিএলআই এবং আরবিএল সম্পর্কে ভালোভাবে সচেতন করতে হবে যাতে বাধ্যতামূলক বিষয়গুলোর লক্ষ্য অর্জন সহজ হয়। কমিটি দলের মধ্যে কোনো ধরনের বিরোধ সৃষ্টি হলে তার সমাধান এবং নির্ধারিত সময়ের অবকাঠামো উন্নয়নের কাজ সম্পন্ন করবে। দলের সদস্যদের অবশ্যই প্রতিপালনীয় বিষয় (compliance) সমস্যা সম্পর্কে ভালোভাবে সচেতন হতে হবে। কাজের মান সুরক্ষার ব্যাপারে কমিটি দায়বদ্ধ থাকবে।

খ) **ক্রয় কমিটি:** এ কমিটি প্রকিউরমেন্ট কমিটি নামে পরিচিত হবে। এ কমিটির ৭ সদস্যের মধ্যে LINIC থেকে ২ জন, MDSC (ME) থেকে ১ জন, পৌরসভা/প্রকল্প থেকে ২ SAE, পৌরসভা/প্রকল্প থেকে একজন সহকারী প্রকৌশলী এবং GICD থেকে একজন সদস্য থাকবেন। কমিটি যে কোনো উপকরণ কেনার আগে প্রয়োজনীয় উপকরণের পরিমাণ এবং তার মূল্য নির্ধারণ করবেন। কমিটি নিয়মানুযায়ী বিক্রেতার কাছ থেকে ন্যায্যমূলে মানসম্মত উপকরণ ক্রয়ে LINIC-কে সহায়তা করবে। কমিটি নির্মাণ উপকরণের অপচয় রোধ নিশ্চিত করবে, সিমেন্টের মেয়াদ শেষ হওয়ার তারিখ পরীক্ষা করবে, রডে মরিচা ধরেছে কীনা তা দেখবে, সাইটে উপকরণ সংরক্ষণ সঠিক ব্যবস্থায় আছে কি না সেই বিষয়ে LINIC-কে পরামর্শ দিবে।

গ) **নিরীক্ষা কমিটি:** LINIC-এ অবকাঠামো উন্নয়নে একটি নিরীক্ষা কমিটি গঠিত হতে পারে যার সদস্য সংখ্যা হবে ৩ জন, একজন পৌরসভা থেকে, একজন GICD থেকে এবং একজন MDSC (ME) থেকে। অডিট কমিটি একটি প্রকল্পের কাজ যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে কীনা তা নিশ্চিত করতে তদারকি, জবাবদিহিতা এবং ঝুঁকি ব্যবস্থাপনাগুলোর দিকে লক্ষ্য রাখবে। একটি প্রকৌশলগত প্রকল্পের জন্য ব্যয় সাশ্রয়ী উপায়ে কাজ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। নিরীক্ষা কমিটির কিছু কাজ নিম্নরূপ:

১. **প্রকল্পের বাজেট পর্যালোচনা:** নিরীক্ষা কমিটি প্রকৌশলগত উপ-প্রকল্পগুলোর জন্য প্রস্তাবিত বাজেট বাস্তবসম্মত এবং প্রকল্পের কার্যপরিধি এবং উদ্দেশ্যগুলোর সাথে সামঞ্জস্যপূর্ণ কীনা তা নিশ্চিত করার জন্য পর্যালোচনা করতে পারে। বাজেট বরাদ্দ যাচাই-বাছাই করে কমিটি অতিরিক্ত ব্যয় বা সীমাবদ্ধতার সম্ভাব্য ক্ষেত্র চিহ্নিত করতে পারে।

২. **ব্যয় নিয়ন্ত্রণে নিরীক্ষণ:** এ কমিটি প্রকল্প বাস্তবায়ন ব্যয় যাতে না বেড়ে যায় সেজন্য উপ-প্রকল্পগুলোর মেয়াদজুড়ে অতিরিক্ত ব্যয় নিয়ন্ত্রণ রোধে প্রয়োজনীয় পদক্ষেপ নেবে। এর মধ্যে রয়েছে নিয়মিত আর্থিক প্রতিবেদন পর্যালোচনা করা এবং বাজেটকৃত অর্থের পরিমাণের সাথে প্রকৃত ব্যয়ের তুলনা করা।

৩. **ঝুঁকি ব্যবস্থাপনা কৌশল মূল্যায়ন:** অডিট কমিটি আর্থিক ক্ষতির কারণ হতে পারে এমন সম্ভাব্য ঝুঁকি চিহ্নিত করতে প্রকল্পের জন্য বাস্তবায়িত ঝুঁকি ব্যবস্থাপনা কৌশলগুলো মূল্যায়ন করবে। প্রাথমিকভাবে ঝুঁকি মূল্যায়ন করে কমিটি প্রকল্পের আর্থিক সুরক্ষার জন্য কার্যকর ব্যবস্থা নিতে সুপারিশ করতে পারে।

৪. **প্রতিপালনীয় বিষয়গুলো যে অনুসৃত হচ্ছে তা নিশ্চিত করা:** অডিট কমিটি নিশ্চিত করবে যে প্রকল্প কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট প্রাসঙ্গিক আইন, বিধি এবং শিল্পমান নিশ্চিত করে কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এর অন্তর্ভুক্ত বিষয়গুলো হলো নির্দেশনা অনুযায়ী আর্থিক প্রতিবেদন, ক্রয় নীতিমালা অনুসরণ এবং পরিবেশগত বিধিবিধান মানা।

৫. **চুক্তি পর্যালোচনা:** কমিটি বিক্রেতা, সরবরাহকারী এবং ঠিকাদারদের মধ্যে সম্পাদিত চুক্তি পর্যালোচনা করতে পারে যাতে সেগুলো ন্যায্য, স্বচ্ছ এবং ব্যয় সাশ্রয়ী হয়। দ্রব্যমূল্য বৃদ্ধি চুক্তির শর্তাবলী বা বিরোধের কারণ সৃষ্টি হলে এ কৌশল তা নিরসনে কাজ করবে।

৬. **উপ-প্রকল্পের অগ্রগতি পর্যবেক্ষণ:** নিরীক্ষা কমিটি প্রকৌশলগত উপ-প্রকল্পগুলোর অগ্রগতি নিরীক্ষণ করবে যাতে তারা সময়সূচি এবং বাজেটের মধ্যে থাকে। নিয়মিত হালনাগাদ এবং কর্মক্ষমতা দক্ষতা সম্ভাব্য বিলম্ব বা ব্যয় বেড়ে যাওয়ার মতো বিষয়গুলো সনাক্ত করতে সাহায্য করবে, যা সময়মত সংশোধনমূলক পদক্ষেপ নিতে সহায়তাও করবে।

৭. **স্বাধীন অডিট পরিচালনা:** কমিটি স্বাধীন অডিট পরিচালনা স্বার্থে বা প্রকল্পের অর্থ, প্রক্রিয়া এবং নিয়ন্ত্রণ পর্যালোচনা করার জন্য বাইরের নিরীক্ষক নিয়োগ করতে পারে। এই নিরীক্ষার উদ্দেশ্য হলো আর্থিক ব্যবস্থাপনা চর্চা উন্নয়নের ক্ষেত্র সনাক্ত করতে সহায়তা করা।

৮. **স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিতকরণ:** অডিট কমিটি এটা নিশ্চিত করবে যে প্রকল্প স্টেকহোল্ডারদের সঠিক এবং বস্তুনিষ্ঠ আর্থিক তথ্যের প্রবেশাধিকার রয়েছে যা স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করতে সহায়ক হবে। এটি প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনা চর্চায় আস্থা বাড়াবে।

অডিট কমিটি তদারকি কার্যক্রমের উপর ভিত্তি করে ভবিষ্যতের প্রকৌশলগত প্রকল্পগুলোর জন্য আর্থিক ব্যবস্থাপনা অনুশীলন, ব্যয় সাশ্রয় উদ্যোগ এবং ঝুঁকি কমানোর কৌশলগুলোর উন্নয়নের জন্য সুপারিশ করতে পারে। এসব শর্তগুলো পূরণ সাপেক্ষে দক্ষ আর্থিক ব্যবস্থাপনার শক্তিশালী, ঝুঁকি হ্রাস এবং আবশ্যক প্রতিপালনীয় বিষয়গুলো অনুসরণের মাধ্যমে সর্বোত্তম অনুশীলনগুলো চর্চিত হলে প্রকৌশলগত প্রকল্পগুলোর জন্য অর্থ সাশ্রয়ে সহায়ক হবে। অডিট কমিটি যথাযথভাবে স্কিম বাস্তবায়নে বিশেষ ভূমিকা রাখতে পারে।

## ৩.১১ সাইটে রেজিস্টার বই রাখতে হবে

**১. রেজিস্টার বই:** একটি নির্মাণ সাইটে উপকরণের জন্য নিবন্ধন খাতা রাখতে হবে যাতে নির্মাণ উপকরণের তথ্যাদি থাকবে। এই রেকর্ডিং জবাবদিহিতা নিশ্চিত করতে, ইনভেন্টরি ট্র্যাক করতে এবং সম্পদের দক্ষ ব্যবহার নিশ্চিত করতে সহায়তা করবে। তারিখ, উপকরণের বিবরণ, উৎস বা সরবরাহকারীর নাম, চালান নম্বর, পরিমাণ, ইউনিট খরচ, গন্তব্য এবং প্রাপক ইত্যাদি রেজিস্টার খাতায় স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একটি বিস্তারিত উপকরণভুক্ত রেজিস্টার প্রকল্প ব্যবস্থাপক বা সাইট সুপারভাইজারদের সামগ্রীর সরবরাহ পরিবীক্ষণ করতে, কোনো অসঙ্গতি বা ঘাটতি থাকলে চিহ্নিত করবে এবং আর্থিক এবং ইনভেন্টরির সঠিক রেকর্ড রাখতে সহায়তা করবে।

**২. উপস্থিতি রেজিস্টার:** কর্মীর উপস্থিতি নিশ্চিত করতে প্রতিটি LINC-এ একটি উপস্থিতি রেজিস্টার রাখতে হবে। পুরুষ ও নারী শ্রমিকদের শতকরা উপস্থিতি নিশ্চিত করতে হবে।

**সাইট অর্ডারবুক:** সকল পৌরসভা প্রতিটি LIN-এ একটি সাইটঅর্ডার বই সরবরাহ করবে যাতে দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের নির্দেশাবলীর রেকর্ড থাকবে যাতে প্রতিপালনীয় বিষয়গুলো অর্জন করা যায়। সাইট অর্ডার বইয়ে ভিজিটরদের মন্তব্য কাজের মান, কাজের অগ্রগতি বাড়াতে সহায়তা করবে। সুনির্দিষ্ট কাজগুলো সংশোধন করতেও সহায়তা করবে।

পরিশেষে বলা যায়, উপরোক্ত কর্মসূচি বাস্তবায়িত হলে আইইউজিআইপি আওতায় পৌরসভার সুবিধাবঞ্চিত নিম্নআয় এলাকার আর্থসামাজিক অবস্থা ও সার্বিক জীবনমানের উন্নয়ন ঘটবে। এ কার্যক্রমের সফলতা অন্য সমরূপী এলাকার নিম্নআয়ের মানুষের জীবনমান উন্নয়নে কাজে লাগানো যেতে পারে।

## ৪.১ নিম্নআয় এলাকার আর্থসামাজিক উন্নয়ন

বাংলাদেশ বিশ্বের অন্যতম জনবহুল দেশ। ২০২৫ সাল নাগাদ বাংলাদেশের জনসংখ্যার ৫০ শতাংশ লোক শহরাঞ্চলে বাস করবে বলে আশা করা হচ্ছে। শহরাঞ্চলে মানুষের এই আগমন প্রচুর সংখ্যক নিম্নআয়ের গোষ্ঠীকে নিম্নআয় এলাকায় বাস করতে বাধ্য করেছে। এই নগর অঞ্চলে বসবাসকারী অনেক লোক জীবিকার সন্ধানে যথাযথ আশ্রয়, সুপেয় পানী ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ছাড়াই খুব অস্বাস্থ্যকর পরিবেশে জীবনযাপন করে চলেছে। শহরাঞ্চলে এই দরিদ্র অর্থনৈতিক অবস্থার কারণ জীবিকা নির্বাহ কার্যক্রমের অপ্রাপ্যতা।জাতিসংঘ ঘোষণা করে ১৫ বছর মেয়াদী টেকসই উন্নয়ন অভীষ্ট বা বা এসডিজি। জাতিসংঘের সদস্যরাষ্ট্রগুলোকে ২০১৬ থেকে ২০৩০ মেয়াদে এসডিজির ১৭টি লক্ষ্য পূরণ করতে হবে। টেকসই উন্নয়ন অভীষ্টের ১৭টি অভীষ্টের প্রথম অভীষ্ট হলো: এসডিজি ১. দারিদ্র্য বিমোচন ।

নিম্নআয় এলাকায় বসবাসকারী যেসকল মানুষ যেমন, রিকশাচালক, ফুটপাতের হকার, ফেরিওয়ালা কিংবা উৎপাদনমুখী জীবিকানির্ভর যাদের আয় বিভিন্ন দুর্যোগে ( যেমন : কোভিড-১৯, ডেঙ্গু, বন্যা, খরা, ঘূর্ণিঝড় ) ঝুঁকির মুখে পড়ে বা কমে যায়। দুর্যোগে নিম্নআয় এলাকাসহ দেশের সামগ্রিক উৎপাদন হ্রাস পায়, অর্থনৈতিক কর্মকাণ্ড স্থবির হয়ে পড়ে, দরিদ্রতা বেড়ে যায়। দুর্যোগ ও জলবায়ুর বিরূপ প্রভাবে জীবন ও সম্পদহানির পাশাপাশি আক্রান্ত জনগোষ্ঠী বিশেষ করে দরিদ্র প্রান্তিক পরিবারগুলো পুরোপুরি অথবা আংশিকভাবে কর্মহীন হয়ে পড়ে।

দারিদ্র্য নিরসনের জন্য নিম্নআয় এলাকাবাসীর চাহিদা ও স্থানীয় বাজারের অবস্থা যাচাইপূর্বক সহনশীল জীবিকায়নে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রতিটি নিম্নআয় এলাকা যাচাই করে আগ্রহী প্রশিক্ষণার্থীদের তালিকা তৈরি করতে হবে। তালিকাভুক্ত নিম্নআয় এলাকাবাসীর বৃত্তিমূলক কাজের প্রশিক্ষণ প্রদান করা। প্রশিক্ষণপ্রাপ্ত নিম্নআয় এলাকাবাসী নিজ উদ্যোগে আয়বর্ধকমূলক কার্যক্রম শুরু করবেন। আয় বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণপূর্বক নারী উদ্যোক্তা তৈরি ও স্থানীয় বাজার উন্নয়ন করা। তবে এ ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যে, উদ্যোক্তা নারীগণ বিনা বাধায়, নিরাপত্তা ও সম্মানের সাথে এ সকল কাজে নিয়োজিত হতে পারেন।

উল্লেখ্য, পৌরসভার রাজস্ব বাজেট থেকে বরাদ্দকৃত GESIAP এর জন্য ১% ও PRAP এর জন্য ১% বরাদ্দ প্রতিবছর প্রতি পৌরসভায় নিম্নআয় এলাকাবাসীর আগ্রহী প্রশিক্ষণার্থীদের তালিকা থেকে কমপক্ষে ৮০ জন নারী-পুরুষকে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের এবং কাজে নিয়োজিত করার বাধ্যবাধকতা রয়েছে।

## ৪.২ আত্মকর্মসংস্থানমূলক কার্যক্রম (পৌরসভার নিজস্ব তহবিল থেকে):

- GESIAP এ উল্লেখিত আয় বৃদ্ধিমূলক কর্মসূচি বাস্তবায়ন করা যেতে পারে;
- নিজস্ব পুঁজি সৃষ্টির উদ্দেশ্যে প্রত্যেক সদস্যের সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলার কার্যক্রম নেওয়া যেতে পারে;
- নারীদের কর্মসংস্থান এবং আয় বাড়ানোর উদ্দেশ্যে নারীদের স্বাবলম্বী করতে পৌরসভা থেকে প্রয়োজনীয় ঋণের ব্যবস্থা করা যেতে যা পরবর্তী তারা পরিশোধ করবে।

স্থানীয় চাহিদা ও স্থানীয় বাজারের অবস্থা যাচাই করে নিম্নলিখিত ট্রেডগুলোতে সহনশীল দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের এবং কাজে নিয়োজিত করার উদ্যোগ নেওয়া যেতে পারে। একবছরের একটি প্রশিক্ষণ নমূনা এখানে দেওয়া হলো:

| ক্রমিক নং | প্রশিক্ষণের শিরোনাম | পৌরসভার করণীয় | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ১. | ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ | ক. প্রশিক্ষণার্থী নির্বাচন<br>খ. স্থানীয় দোকানে ইলেকট্রিশিয়ানের সাথে চুক্তি<br>গ. প্রশিক্ষকের বেতন ও প্রশিক্ষণার্থীর ভাতা প্রদান<br>ঘ. প্রশিক্ষণের সময়সীমা নির্ধারণ। | ৫ |

| | | | |
|---|---|---|---|
| ২. | ফ্রিজ ও এয়ারকন্ডিশনার মেরামত প্রশিক্ষণ | ক. প্রশিক্ষণার্থী নির্বাচন<br>খ. স্থানীয় দোকানে মেরামতকারীর সাথে চুক্তি<br>গ. প্রশিক্ষকের বেতন ও প্রশিক্ষণার্থীর ভাতা প্রদান<br>ঘ. প্রশিক্ষণের সময়সীমা নির্ধারণ। | ৫ |
| ৩. | সেলাই ও ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ | ক. প্রশিক্ষণার্থী নির্বাচন<br>খ. স্থানীয় টেইলার্স দোকারেন সাথে চুক্তি<br>গ. প্রশিক্ষকের বেতন ও প্রশিক্ষণার্থীর ভাতা প্রদান<br>ঘ. প্রশিক্ষণের সময়সীমা নির্ধারণ। | ২০ |
| ৪. | নিম্নআয় এলাকার অভ্যন্তরে খাবার হোটেল পরিচালনা প্রশিক্ষণ | ক. প্রশিক্ষণার্থী নির্বাচন<br>খ. স্থানীয় খাবার হোটেলের সাথে চুক্তি<br>গ. প্রশিক্ষকের বেতন ও প্রশিক্ষণার্থীর ভাতা প্রদান<br>ঘ. প্রশিক্ষণের সময়সীমা নির্ধারণ। | ৫ |
| ৫. | খাদ্য প্রক্রিয়াকরণ প্রশিক্ষণ | ক. প্রশিক্ষণার্থী নির্বাচন<br>খ. স্থানীয় প্রশিক্ষণ কেন্দ্রের সাথে চুক্তি<br>গ. প্রশিক্ষকের বেতন ও প্রশিক্ষণার্থীর ভাতা প্রদান<br>ঘ. প্রশিক্ষণের সময়সীমা নির্ধারণ। | ১০ |
| ৬. | মোবাইল ফোন মেরামতের প্রশিক্ষণ | ক. প্রশিক্ষণার্থী নির্বাচন<br>খ. স্থানীয় দোকানের সাথে চুক্তি<br>গ. প্রশিক্ষকের বেতন ও প্রশিক্ষণার্থীর ভাতা প্রদান<br>ঘ. প্রশিক্ষনের সময়সীমা নির্ধারণ। | ৫ |
| ৭. | স্যানিটারি উপকরণ নির্মাণ বিষয়ক প্রশিক্ষণ | ক. প্রশিক্ষণার্থী নির্বাচন<br>খ. স্থানীয় মেরামতকারীর সাথে চুক্তি<br>গ. প্রশিক্ষকের বেতন ও প্রশিক্ষনার্থীর ভাতা প্রদান<br>ঘ. প্রশিক্ষণের সময়সীমা নির্ধারণ। | ৫ |
| ৮. | কম্পিউটার প্রশিক্ষণ | ক. প্রশিক্ষণার্থী নির্বাচন<br>খ. স্থানীয় প্রশিক্ষণ কেন্দ্রের সাথে চুক্তি<br>গ. প্রশিক্ষকের বেতন ও প্রশিক্ষণার্থীর ভাতা প্রদান<br>ঘ. প্রশিক্ষণের সময়সীমা নির্ধারণ। | ১০ |
| ৯. | ওয়েল্ডিং প্রশিক্ষণ | ক. প্রশিক্ষণার্থী নির্বাচন<br>খ. স্থানীয় ওয়ার্কশপের সাথে চুক্তি<br>গ. প্রশিক্ষকের বেতন ও প্রশিক্ষণার্থীর ভাতা প্রদান<br>ঘ. প্রশিক্ষণের সময়সীমা নির্ধারণ। | ৫ |
| ১০. | ই-কমার্স প্রশিক্ষণ | ক. প্রশিক্ষণার্থী নির্বাচন<br>খ. স্থানীয় প্রশিক্ষণ কেন্দ্রের সাথে চুক্তি<br>গ. প্রশিক্ষকের বেতন ও প্রশিক্ষণার্থীর ভাতা প্রদান<br>ঘ. প্রশিক্ষণের সময়সীমা নির্ধারণ। | ৫ |
| ১১. | মোটর ড্রাইভিং প্রশিক্ষণ | ক. প্রশিক্ষণার্থী নির্বাচন<br>খ. স্থানীয় যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে চুক্তি<br>গ. প্রশিক্ষকের বেতন ও প্রশিক্ষণার্থীর ভাতা প্রদান<br>ঘ. প্রশিক্ষণের সময়সীমা নির্ধারণ। | ৫ |
| ১২ | অন্যান্য | ক. কারিগরি প্রশিক্ষণ (বিসিক, এনজিও)<br>খ. হাতের কাজ বিষয়ক প্রশিক্ষণ (কাঁথা সেলাই, ব্লক বাটিক)<br>গ. নির্মাণশ্রমিক প্রশিক্ষণ (এলজিইডি) | ৫ |

**সামাজিক সুরক্ষায় সহযোগিতা**

| ক্রমিক নং | উল্লেখযোগ্য সামাজিক সুরক্ষার ক্ষেত্রসমূহ | পৌরসভার করণীয় |
|---|---|---|
| ১ | বয়স্ক ভাতা, বিধাব ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং শিক্ষা ভাতা | পৌরসভা এসকল বিষয়ে প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় উদ্যোগ নিতে পারে। |
| ২ | ক্ষুদ্রঋণ সহায়তা | |
| ৪ | দুর্যোগকালীন সহায়তা | |
| ৫ | আইনী সহায়তা | |
| ৬ | স্বাস্থ্যবিষয়ক সহায়তা | |

স্থানীয় চাহিদা ও বাজারের অবস্থা যাচাই করে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান প্রদান করা গেলে আইইউজিআইপির আওতায় পৌরসভাসমূহে সুবিধাবঞ্চিত নিম্নআয় এলাকার আর্থসামাজিক অবস্থা ও সার্বিক জীবনমানের উন্নয়ন ঘটবে। LINIC ও পৌরসভার মেয়রের মধ্যে সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তির একটি নমুনা কপি এর সঙ্গে যুক্ত করা হলো (সংযুক্তি-১২)।

## ৪.৩ নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন কাঠামো :

নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রমের সুষ্ঠু ও সার্থক বাস্তবায়ন এই প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রয়োজন দক্ষ কর্মী বাহিনী ও নেতৃত্ব। উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন পর্যায়ে বিভিন্ন কমিটি ও দল এই বাস্তবায়নের দায়িত্বভার নেবে। পৌরসভাতে নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নলিখিত কিমিটিসহ সংশ্লিষ্ট সকলের দায়িত্ব ও কর্তব্য:

### ৪.৩.১ নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে পৌরসভা, ওয়ার্ড কাউন্সিলর, দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটিসহ সংশ্লিষ্ট সকলের দায়িত্ব ও কর্তব্য :

নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পটির মেয়াদ ৫ বছর। দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা প্রণয়নে দারিদ্র্য অবস্থা নিরুপণের জন্য পৌরসভা এলাকার নিম্নআয় এলাকা সংজ্ঞা নির্ধারণপূর্বক নিম্নআয় এলাকা চিহ্নিতকরণের নির্দেশিকা রয়েছে। পৌরসভায় বসবাসরত দরিদ্র মানুষ নির্দিষ্টভাবে পৌরসভা সীমানার মধ্যে নিম্নআয় এলাকাতে এবং নিম্নআয় এলাকার বাইরে কমিউনিটির মধ্যে বিক্ষিপ্তভাবে হলেও সামাজিক সৌহার্দ্যপূর্ণ বেষ্টনীর মধ্যে ঐক্যবদ্ধভাবে বসবাস করে। পৌরসভা একটি সেবামূলক প্রতিষ্ঠান। পৌরসভায় বসবাসরত দরিদ্র জনগণকে দরিদ্র অবস্থা থেকে স্বচ্ছল অবস্থায় আনয়নের লক্ষ্যে দারিদ্র্য হ্রাসকরণ কর্মপরিকল্পনা (PRAP) বাস্তবায়ন তাই পৌরসভার একটি মৌলিক কাজ।

পৌরসভা, পৌর-পরিষদ, পৌরসভায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীসহ ওয়ার্ড কমিটি (WC) ও দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সম্পৃক্ততার মাধ্যমে নিম্নআয় এলাকা উন্নয়নের যাবতীয় কাজ বাস্তবায়ন করা হবে। কমিউনিটিতে বসবাসরত আর্থিকভাবে সচ্ছল লোকজন তাদের নিজেদের কমিউনিটিতে বিশেষ করে নিম্নআয় এলাকাতে বসবাসরত দরিদ্র লোকদের দারিদ্র্য নিরসনে আন্তরিকভাবে কাজ করলে সমাজ থেকে ক্রমান্বয়ে দারিদ্র্য  হ্রাসকরণ সম্ভব। প্রকল্প সমাপ্তির পরও যাতে নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম সঠিক গতিতে পৌরসভা মেয়রের সার্বিক নেতৃত্বে চলমান থাকে সে দিকটি বিবেচনা করে এই নির্দেশিকাটি তৈরি করা হয়েছে এবং পৌরসভা দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির ও নিম্নবর্ণিত সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য নির্দিষ্টভাবে বর্ণনা করা হয়েছে:

### ৪.৩.২ নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে পৌরসভার দায়িত্ব ও কর্তব্য :

পৌরসভা নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা অনুসারে চিহ্নিত এলাকাসমূহে উন্নয়নে কার্যক্রম বাস্তবায়ন করবে। নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে পৌরসভা প্রকল্প ব্যবস্থাপনা অফিসের যাবতীয় নির্দেশনা পালনসহ নিম্নলিখিত দায়িত্ব ও কর্তব্য পালন করবে:

১. পৌরসভা মেয়রের নির্দেশনায় নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা অনুসরণে পরিচালিত হবে;
২. দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি দারিদ্র্য হ্রাসকরণ কর্মপরিকল্পনা বাস্তবায়নে দায়িত্ব পালন করবে এবং পৌরসভার নিম্নআয় এলাকা উন্নয়ন সংক্রান্ত যাবতীয় কাজ পরিচালনা করবে;
৩. পৌরসভা প্রকল্প থেকে নিয়োজিত কমিউনিটি ফিল্ডওয়ার্কারসহ/সিডিএ নিম্নআয় এলাকাসমূহে উন্নয়ন কাজ নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করবেন;

৪. প্রতি বছর পৌরসভার নিজস্ব তহবিল থেকে নিম্নআয় এলাকা উন্নয়ন খাতে বাজেট বরাদ্দ রাখা ও তা থেকে নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন ও পরিচালনার জন্য নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি বরাবর বছর ভিত্তিতে অনুদান বরাদ্দ রাখা এবং নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম পরিচালনার নির্দেশিকা অনুসরণে নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা;

৫. পৌরসভা প্রতি ৬ মাসে ১ বার নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকায় বর্ণিত সকল প্রাথমিক দলের দলনেতা ও সম্পাদক ও LINIC-এর সভাপতি, সদস্য সচিব ও দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সচিবদের নিয়ে ওয়ার্ডভিত্তিক মতবিনিময় সভা করবেন এবং গৃহিত কাজ বাস্তবায়নে কোন সমস্যা দেখা দিলে তা সমাধানের চেষ্টা করবেন;

৬. পৌরসভা থেকে ওয়ার্ড সমন্বয় কমিটির সদস্য-সচিবকে নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম পরিচালনা নির্দেশিকায় বর্ণিত কাজ ওয়ার্ড পর্যায়ে মনিটরিং করার জন্য লিখিত নির্দেশ প্রদান করবেন;

৭. পৌরসভা বিভিন্ন উদ্যোক্তা প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করে নিম্নআয় এলাকাবাসীদের জন্য কর্মসংস্থান ও উদ্যোক্তা তৈরি করার দায়িত্ব পালন করবেন;

৮. নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকায় বর্ণিত কার্যাবলী ত্রৈমাসিক মনিটরিং করাসহ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন তৈরি করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবেন;

৯. নিম্নআয় এলাকা উন্নয়ন সংক্রান্ত অবকাঠামো উন্নয়নের যাবতীয় কাজের নথি পৌরসভার প্রকৌশল শাখার মাধ্যমে পরিচালনার জন্য পৌরসভার মেয়র লিখিত নির্দেশ প্রদান করবেন;

১০. পৌরসভা দারিদ্র্য হ্রাসকরণ কর্মপরিকল্পনা (PRAP) এ বর্ণিত কাজে ওয়ার্ড পর্যায়ে মনিটরিং করার জন্য পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে ওয়ার্ডভিত্তিক দায়িত্ব বণ্টন করবেন;

১১. দরিদ্র জনগণকে উদ্বুদ্ধ করে সচেতনতা বৃদ্ধি, পড়ালেখার ব্যবস্থা ও আয়বর্ধক কাজের স্কিম তৈরিসহ দক্ষতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ করবেন;

১২. প্রকল্প মেয়াদ সমাপ্তির পরে পৌরসভা নিজস্ব বাজেটের সংশ্লিষ্ট খাতের অর্থ দ্বারা নিম্নআয় এলাকা প্রকল্প কর্তৃক বাস্তবায়িত অবকাঠামো রক্ষণাবেক্ষণ, স্যাটেলাইট স্কুল কার্যক্রম পরিচালনা ও প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা ও স্বাস্থ্য শিক্ষা কর্মসূচি LINIC-এর মাধ্যমে চালু রাখবেন;

১৩. নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রমের আয় বৃদ্ধিমূলক কার্যক্রম পরিচালনার কাজে (ঐচ্ছিক হিসেবে) LINIC-কে উদ্বুদ্ধ করবেন এবং এ ধরনের কার্যক্রম পরিচালনায় প্রকল্প মেয়াদ সমাপ্তির পরেও সর্বপ্রকার সহযোগিতা করবেন;

১৪. পৌরসভা পর্যায়ে সমাজ উন্নয়ন কর্মকর্তা না থাকলে পৌরসভা মেয়র একজন কর্মকর্তাকে সমাজ উন্নয়ন কর্মকর্তার দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করবেন।

### ৪.৩.৩ নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির দায়িত্ব ও কর্তব্য :

১. নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা অনুসরণে দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে মুখ্য ভূমিকা পালন করবেন;

২. এই কমিটি নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকায় বর্ণিত যাবতীয় কার্যক্রম মনিটরিং করাসহ নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রমের নির্দেশিকায় বর্ণিত বিভিন্ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনে মেয়র বরাবর লিখিত মতামত ও সুপারিশ প্রদান করবেন;

৩. দারিদ্র্য হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য-সচিব পৌরসভার বিভিন্ন শাখার কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে দারিদ্র্য হ্রাসকরণ কাজের নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম পরিচালনার বিষয়ে যোগাযোগ বজায় রাখবেন;

৪. স্টিয়ারিং কমিটি প্রতি মাসে একবার সভা করে নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকায় বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে ওয়ার্ড কমিটিকে (WC) প্রদত্ত দায়িত্ব পালনের বিষয়টি মনিটরিং করাসহ যথাযথ ব্যবস্থা নিবেন;

৫. নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে পৌর-পরিষদের মাসিক ও TLCC'র সভায় পর্যালোচনার জন্য কার্যপত্র তৈরি করে উপস্থাপন করবেন;

৬. নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে পৌরসভার উপর যে দায়িত্ব প্রদান করা হয়েছে তা সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে প্রাথমিক উদ্যোগ গ্রহণ করবেন;

৭. নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকায় বর্ণিত কোন কার্যক্রমের বিষয়ে কোন বাস্তবসম্মত উপদেশ থাকলে তা TLCC'র সভায় আলোচনা করে পৌর-পরিষদের অনুমোদন গ্রহণ করত সভার কার্যবিবরণীতে উল্লেখপূর্বক পৌরসভার মাধ্যমে তা অনুমোদনের জন্যে প্রকল্প ব্যবস্থাপনা অফিসে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন;

৮. PRSI STC দারিদ্র নিরূপণ ও কৌশল প্রণয়ন নির্দেশিকায় বর্ণিত "পোভার্টি ওয়ার্কিং গ্রুপ" হিসেবে কাজ করবে;

৯. PRSI STC পৌরসভায় প্রকল্পের আওতায় চিহ্নিত নিম্নআয় এলাকায় সিডিএ/কমিউনিটি ফিল্ডওয়ার্কার ও পৌরসভায় নিম্নআয় এলাকা উন্নয়ন কাজের সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের সহায়তায় জরিপকারী নির্বাচন করে পরিবার জরিপ কার্যক্রম পরিচালনা করবে।

**৪.৩.৪ নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে ওয়ার্ড কমিটির দায়িত্ব ও কর্তব্য :**

পৌরসভার ওয়ার্ডপর্যায়ে ওয়ার্ড কাউন্সিলরকে সভাপতি করে ১০ সদস্য বিশিষ্ট ওয়ার্ড কমিটি গঠন করা হয়েছে। নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে ওয়ার্ড কমিটি নিম্নলিখিত দায়িত্ব ও কর্তব্য পালন করবে:

- ওয়ার্ড পর্যায়ে প্রকল্পের আওতায় চিহ্নিত নিম্নআয় এলাকা পরিবার জরিপ করে নিম্নআয় এলাকাবাসী দরিদ্র মানুষের তালিকা সংরক্ষণ করা;
- ওয়ার্ড (WC) কমিটির মাসিক সভায় নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির (LINIC) সভাপতি ও সদস্য-সচিবকে আমন্ত্রণ জানানো এবং LINIC উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ করা এবং পৌর-পরিষদে উপস্থাপন করা;
- ওয়ার্ড পর্যায়ে দরিদ্রদের নিয়ে গঠিত প্রাথমিক কমিটির সভাপতি ও সম্পাদকদের নিয়ে প্রতি ০৩ মাসে একবার সভা করে দারিদ্র্য হ্রাসকরণ কর্মপরিকল্পনা বর্ণিত কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা থাকলে তা সমাধানের দিকনির্দেশনা দেওয়া এবং প্রয়োজনে পৌর-পরিষদে আলোচনাযোগ্য বিষয় হলে তা উপস্থাপন করে পরিষদের মাধ্যমে সমাধান করা।

**৪.৩.৫ ওয়ার্ড কাউন্সিলরদের দায়িত্ব ও কর্তব্য :**

ওয়ার্ড কাউন্সিলর ওয়ার্ড কমিটির সভাপতি হিসাবে ওয়ার্ডের অন্তর্ভুক্ত নিম্নআয় এলাকাসমূহ সরেজমিনে পরিদর্শনসহ নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকায় বর্ণিত কার্যক্রম মনিটরিং করবেন।

**৪.৩.৬ নারী ওয়ার্ড কাউন্সিলরদের দায়িত্ব :**

নারী ওয়ার্ড কাউন্সিলর তাঁর আওতাভুক্ত ওয়ার্ডসমূহে নিম্নআয় এলাকা উন্নয়নের যাবতীয় কাজ নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম নির্দেশিকা অনুসারে বাস্তবায়নের বিষয়ে LINIC সভাপতিকে উপদেশ প্রদানসহ কার্যক্রম মনিটরিং করবেন।

**৪.৩.৭ প্রধান নির্বাহী কর্মকর্তার দায়িত্ব :**

নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকায় বর্ণিত বিভিন্ন কর্মকর্তা ও কমিটিসমূহের যাবতীয় কাজ পৌরসভা পর্যায়ে সমন্বয়সহ নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম পরিচালনার বিষয়ে নির্দেশিকা অনুসারে নির্দেশনা প্রদান করবেন।

**৪.৩.৮ পৌর নির্বাহী কর্মকর্তার দায়িত্ব:**

পৌরসভা পর্যায়ে মেয়র ও প্রধান নির্বাহী কর্মকর্তার সঙ্গে পরামর্শক্রমে নিম্নআয় এলাকা উন্নয়ন নির্দেশিকার ভৌত অবকাঠামো কাজ বাদে যাবতীয় কাজ পৌরসভা পর্যায়ে বাস্তবায়নের দায়িত্ব পালন করবেন।

**৪.৩.৯ পৌর-প্রকৌশলী (নির্বাহী প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী খ ও গ শ্রেণির পৌরসভার ক্ষেত্রে)-এর দায়িত্ব :**

**পৌর-প্রকৌশলী:** মেয়র মহোদয়ের সঙ্গে আলোচনা করে প্রকল্পে চিহ্নিত নিম্নআয় এলাকাসমূহের যাবতীয় ভৌত কাজ সম্পাদনের জন্য প্রকল্প থেকে নিয়োজিত উপ-সহকারী প্রকৌশলীসহ পৌরসভার উপ-সহকারী প্রকৌশলীদের মাঝে নিম্নআয় এলাকা উন্নয়ন কাজ তদারকি করার জন্য লিখিত নির্দেশ প্রদান করবেন। পৌর-প্রকৌশলী পৌরসভার চিহ্নিত নিম্নআয় এলাকাসমূহে নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম পরিচালনার নির্দেশনা অনুসরণে যাবতীয় ভৌত কাজ পরিচালনাসহ নথি সংরক্ষণ ও পরিচালনা করবেন।

**সহকারী প্রকৌশলীর দায়িত্ব :** পৌরসভার সহকারী প্রকৌশলী পৌরসভার সকল নিম্নআয় এলাকা উন্নয়ন কাজের তদারকি করবেন এবং নির্বাহী প্রকৌশলীর নির্দেশনা অনুসরণ করে নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম নির্দেশিকা অনুসরণে যাবতীয় কার্যসম্পাদন করবেন।

**৪.৩. ১০ সমাজ উন্নয়ন কর্মকর্তা/ দায়িত্বপ্রাপ্ত সমাজ উন্নয়ন কর্মকর্তার দায়িত্বাবলী[২]:**

- সমাজ উন্নয়ন কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এলাকা উন্নয়ন কার্যক্রমের সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন। পৌরসভায় সমাজ উন্নয়ন কর্মকর্তার পদ শূন্য থাকলে পৌরসভার মেয়র যেকোন কর্মকর্তাকে সাময়িক দায়িত্ব প্রদান করবেন;
- নিম্নআয় এলাকা নির্বাচন ও পরিবার জরিপ কার্যক্রমের সার্বিক দায়িত্ব পালন করবেন;
- প্রকল্পের বিভিন্ন স্কিম/উদ্যোগ বাস্তবায়নে চিহ্নিত সমস্যাসমূহের সমাধান বের করবেন এবং সংশ্লিষ্ট কর্মীদের সাথে কার্যক্রম বাস্তবায়ন নিয়ে আলোচনা করবেন;
- নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি LINIC এবং দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভায় যোগদান করবেন;

---

[২] পৌরসভা পর্যায়ে সমাজ উন্নয়ন কর্মকর্তা না থাকলে পৌরসভার মেয়র একজন কর্মকর্তাকে সমাজ উন্নয়ন কর্মকর্তার দায়িত্ব প্রদান করে উপরের দায়িত্বাবলী পালনের নির্দেশনা প্রদান করবেন।

- ভৌত উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে পরিকল্পনা প্রণয়নসহ অন্যান্য কর্মকাণ্ডের অংশগুলো (ফুটপাত, পাকা নালা, ডাস্টবিন, রাস্তার বাতি, নলকূপ, টয়লেট ইত্যাদি) তদারকি করবেন;
- প্রকল্প বাস্তবায়নে পৌরসভার সংশ্লিষ্ট কর্মচারী, কমিউনিটি ফিল্ডওয়ার্কার/ অর্গানাইজারদের কাজ তদারকি/ সহায়তা করবেন;
- নিম্নআয় এলাকা উন্নয়নের বিভিন্ন কার্যাবলীর ও অংশের অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়ন করবেন;
- আর্থিক ব্যবস্থাপনায় সহযোগিতা, তহবিল প্রাপ্তি ও পরিশোধ, সরবরাহসমূহের ও কাজের ভাউচার পেশ, ইত্যাদিতে সহযোগিতা করবেন;
- যথাসময়ে ওয়ার্কপ্ল্যান ও অগ্রগতি প্রতিবেদনসমূহ তৈরিতে সহায়তা করবেন;
- প্রকল্পের সদর দপ্তরের চাহিদা মোতাবেক রেকর্ড/ ডকুমেন্ট/প্রতিবেদন ইত্যাদি প্রেরণ করবেন;

**৪.৩.১১ উপ-সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) এর দায়িত্ব :**
পৌরসভার চিহ্নিত নিম্নআয় এলাকাতে দায়িত্বপ্রাপ্ত উপ-সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প) নিম্নআয় এলাকার উন্নয়নমূলক কাজের প্রাক্কলন প্রস্তুত, কাজ তদারকি, পরিমাপ বহি লিপিবদ্ধকরণসহ যাবতীয় কাজের তদারকি করবেন।

**৪.৩.১২ রিজিওনাল কো-অর্ডিনেটরের দায়িত্ব :**
প্রকল্পভুক্ত পৌরসভাসমূহে প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে রিজিওনাল কো-অর্ডিনেটর নিয়োগ করা হয়েছে। রিজিওনাল কো-অর্ডিনেটরগণ তাদের নির্দিষ্ট দায়িত্বের বাইরে নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম পরিচালনার বিষয়ে নিম্নলিখিত দায়িত্ব পালন করবেন

১. নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা অনুসারে পৌরসভা পর্যায়ে দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, ওয়ার্ড কাউন্সিলর, WC এর সদস্য-সচিব, উপ-সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী (প্রকল্প), সহকারী প্রকৌশলী, কমিউনিটি ফিল্ডওয়ার্কার ও পৌরসভা থেকে নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রমে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীদের অবহিতকরণ এবং প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;
২. নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা অনুসারে পৌরসভা পর্যায়ে নথি খোলা, নথি পরিচালনা ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের সহায়তা ও পরামর্শ প্রদান;
৩. নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত মাসিক অগ্রগতি রিপোর্টসহ ত্রৈমাসিক অগ্রগতি রিপোর্ট প্রেরণে সহায়তা করা;
৪. পৌরসভা পর্যায়ে কর্মরত ক্যাপাসিটি ডেভেলোপমেন্ট অ্যাসোসিয়েট নিম্নআয় এলাকা উন্নয়ন কাজের বিষয়ে তদারকি ও প্রকল্প ব্যবস্থাপনা অফিসে রিপোর্ট প্রদান।

**৪.৩.১৩ ক্যাপাসিটি ডেভেলোপমেন্ট অ্যাসোসিয়েটের দায়িত্ব ও কর্তব্য :**

পৌরসভায় কর্মরত ক্যাপাসিটি ডেভেলোপমেন্ট অ্যাসোসিয়েটগণ তাদের মধ্যে বণ্টনকৃত ওয়ার্ডসমূহে প্রকল্পভুক্ত নিম্নআয় এলাকা চিহ্নিত হলে নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নলিখিত দায়িত্ব ও কর্তব্য পালন করবেন:

১. পৌরসভা পর্যায়ে নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সহায়তা করা;
২. তদারকির দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ডসমূহে প্রকল্পের আওতায় নিম্নআয় এলাকা চিহ্নিত হলে তা নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম অনুসারে পরিচালনার বিষয়ে পৌরসভার সংশ্লিষ্টদের সহায়তা প্রদান;
৩. সিডিএ প্রতিটি জরিপ, সুবিধাভোগী চিহ্নিতকরণ কাজে সহায়তাসহ জরিপ সারাংশ প্রস্তুত করা;
৪. মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি রিপোর্ট সঠিক নিয়মে প্রেরণে পৌরসভাকে সহায়তা করা।

**৪.৩.১৪ মিউনিসিপ্যাল প্রকৌশলীর (ME)দায়িত্ব :**
দারিদ্র্য হ্রাসকরণ কর্মপরিকল্পনার আওতায় প্রকল্পে চিহ্নিত নিম্নআয় এলাকাসমূহে যাবতীয় অবকাঠামোর উন্নয়নমূলক কাজের ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুত কাজে পৌরসভায় প্রকৌশলীদের সহায়তা করবেন। LINIC কর্তৃক অনুমোদিত প্রাক্কলনের ভিত্তিতে কাজ বাস্তবায়নের জন্য ব্যবহারযোগ্য মালামালের বিবরণী তৈরি করতে পৌরসভার দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলীকে সহায়তা করবেন। গুণগত মান বজায় রেখে ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক কাজ বাস্তবায়নের জন্য নির্মাণ কাজ তদারক করবেন। মানসম্মত গ্রহণযোগ্য কাজের বিল প্রস্তুতে দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলীকে সহায়তা করবেন এবং বিল প্রদানের সুপারিশ করবেন।

**৪.৩.১৫ কমিউনিটি ফিল্ডওয়ার্কার এর দায়িত্বাবলী :**

কমিউনিটি ফিল্ডওয়ার্কার নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রমের মুখ্য ব্যক্তি হিসাবে দায়িত্ব পালন করবেন।

- সরেজমিনে নিম্নআয় এলাকা পরিদর্শন করে প্রতিটি ঘর জরিপ করবেন। প্রতিটি পরিবারের জন্য একটি করে জরিপ ফরম ব্যবহার করতে হবে;
- জরিপ সমাপ্ত হলে সুবিধাভোগী পরিবার চিহ্নিত করবেন এবং জরিপ সারাংশ তৈরিতে সমাজ উন্নয়ন কর্মকর্তাকে সাহায্য করবেন;

- স্থানীয় নেতৃবৃন্দের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে প্রকল্পের প্রাথমিক কাজ শুরু করবেন এবং সাধারণ সমস্যাগুলি চিহ্নিত করে সমাধান করবেন;
- নিম্নআয় এলাকার নারীদের সংগঠিত করে দল গঠন করবেন। দলনেতা, সম্পাদক ও সদস্যকর্মী নির্বাচন করবেন;
- স্থানীয় সম্পদ ও সেবাসমূহ চিহ্নিত করে কমিউনিটি উন্নয়নে উদ্বুদ্ধ করবেন;
- নিম্নআয় কমিউনিটি উন্নয়ন কমিটি এবং এর সভাপতি/সহ-সভাপতি নির্বাচনে কমিউনিটিকে সহায়তা করবেন;
- নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির সকল প্রশিক্ষণে সহযোগিতা করবেন;
- নিয়মিত নিম্নআয় এলাকা পরিদর্শন করবেন এবং নিম্নআয় এলাকা তার দৈনিক কাজের প্রতিবেদন পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে সিডিএ বরাবর জমা দিবেন;
- দলীয় ও নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির সভায় যোগদান করবেন এবং দলীয় সভার কার্যবিবরণী খাতায় লিপিবদ্ধ করবেন, পরবর্তীতে দলের সদস্যদের দিয়ে কার্যবিবরণী লিখতে সহায়তা করবেন;
- প্রকল্পের ভৌত কর্মকাণ্ড বাস্তবায়নের মাধ্যমে কর্মসংস্থান ও প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যার উন্নয়নে সহযোগিতা করবেন;
- সমাজ উন্নয়ন কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ক্যাপাসিটি ডেভেলোপমেন্ট অ্যাসোসিয়েটের সঙ্গে নিয়মিত যোগাযোগ রক্ষা করবেন;
- মাসিক প্রতিবেদন তৈরি করবেন এবং প্রতিবেদন তৈরিতে সমাজ উন্নয়ন কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সহায়তা করবেন;
- সমাজ উন্নয়ন কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক অনুমোদিত সাপ্তাহিক কর্মসূচি অনুযায়ী কমিউনিটি ফিল্ডওয়ার্কার/সিডিএ সপ্তাহের ৪ (চার) দিন নিম্নআয় এলাকা কাজ করবেন। নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির দলীয় সভায় দলের মাঠ উন্নয়ন কার্যক্রম, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কার্যক্রম, শিক্ষা কার্যক্রম ইত্যাদি প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত নিতে দলকে সাহায্য করবেন। সপ্তাহের বাকি দিন অফিসের কাজে সমাজ উন্নয়ন কর্মকর্তা/ক্যাপাসিটি ডেভেলোপমেন্ট অ্যাসোসিয়েটকে সহায়তা করবেন;
- এছাড়া ঊর্ধ্বতন কর্তৃপক্ষ নির্দেশিত যেকোন দায়িত্ব পালন করবেন।

### ৪.৩.১৬ নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি (LINIC)-এর সদস্য-সচিবের দায়িত্বাবলী :

নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম মাঠপর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে LINIC- কে সহায়তার জন্য উপ-সহকারী প্রকৌশলী/ সমাজ উন্নয়ন কর্মকর্তা/মেয়র কর্তৃক মনোনিত কোন কর্মকর্তা সদস্য-সচিবের দায়িত্ব পালন করবেন। তবে উল্লেখ্য, একই ব্যক্তি তিনটি LINIC-এর অধিক কমিটির সদস্য সচিব হতে পারবেন না। তাঁর মূল দায়িত্বসমূহ হবে:

- দলীয় ও নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির সভায় যোগদান এবং সভা পরিচালনায় প্রত্যক্ষ সহযোগিতা করা;
- নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী খাতায় লিপিবদ্ধ করা এবং পর্যায়ক্রমে তা LINIC-এর সহ-সভাপতি দিয়ে তৈরিতে সহযোগিতা করা;
- LINIC -এর সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য LINIC-এর সভাপতিকে উদ্বুদ্ধ করা এবং সভা পরিচালনায় প্রত্যক্ষ সহযোগিতা করা;
- LINIC -এর সভার কার্যবিবরণী এবং প্রকল্প বাস্তবায়নের জটিলতা নিরসনে পৌর মেয়রকে নিয়মিত অবহিত করা এবং এ ব্যাপারে নির্দেশিত প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া;
- LINIC এবং পৌরসভার মধ্যে নিয়মিত যোগাযোগ রক্ষা করা;
- LINIC সকল কাজ সম্পাদনে ব্যাংক অ্যাকাউন্টে LINIC-এর সভাপতির সঙ্গে যৌথ স্বাক্ষর করা।

### ৪.৩.১৭ নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি (LINIC) সভাপতির দায়িত্বাবলী :

নিম্নআয় এলাকা উন্নয়ন কার্যক্রম মাঠপর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে LINIC-এর নির্বাচিত সভাপতির দায়িত্ব বিশেষ গুরুত্ব বহন করে। সভাপতিকে সর্বদাই বাস্তবায়নের বিভিন্ন বিষয়ে অত্যন্ত বুদ্ধিমত্তার সাথে সকলের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নিতে হবে। সভাপতি নিম্নলিখিত দায়িত্বাবলী পালন করবেন:

- LINIC'এর মাসিক সভা আহবান করা এবং সভার সভাপতিত্ব করা। নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটিতে সকল অংশসমূহের কাজের অগ্রগতি পর্যালোচনা ও সভার সিদ্ধান্তবলী আলোচনা করা;
- নিম্নআয় এলাকাতে সামাজিক উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন ও ব্যবস্থাপনাতে কমিউনিটিকে সহায়তা করা;
- নিম্নআয় এলাকার ভৌত উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন ও ব্যবস্থাপনাতে সহায়তা করা;
- প্রতি তিন মাস অন্তর LINIC-এর একটি একক সভা (৪র্থ, ৮ম ও ১২তম) পরিচালনার দায়িত্বভার সহ-সভাপতিকে প্রদান করা এবং সভা পরিচালনায় তাকে সহায়তা করা;

- বিভিন্ন গ্রুপের কার্যাবলীর সমন্বয় সাধন করা এবং কমিউনিটিকে এসকল কার্যাবলীতে যোগদান ও অংশগ্রহণে সহায়তা করা;
- কমিউনিটির সকল সদস্য, কমিউনিটি ফিল্ডওয়ার্কার/সিডিএ ও নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করা;
- নিম্নআয় এলাকাতে প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনায় সহায়তা করা এবং শতকরা ২৫ ভাগ দায়িত্বভার সহ-সভাপতিকে প্রদান করা;
- কোন কাজের আওতায় পৌরসভা কর্তৃক অর্থপ্রাপ্তির তিন দিনের মধ্যে LINIC-এর বিশেষ সভা আহবান করে অর্থ ব্যয় ও কাজ সম্পাদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত নেয়া;
- অর্থ ব্যয়ের সকল বিল ভাউচার সদস্য সচিবের সাথে যৌথভাবে সমন্বয়ের মাধ্যমে পৌরসভায় দাখিল করা;
- LINIC-এর সকল কাজের ব্যয় নির্বাহের জন্য 'LINIC-এর নামে' নিকটস্থ বাণিজ্যিক ব্যাংকে সদস্য-সচিবের সঙ্গে যৌথ স্বাক্ষরে একটি ব্যাংক অ্যাকাউন্ট খোলা ও যৌথভাবে পরিচালনা করা।

**৪.৩.১৮ নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটি (LINIC) সহ-সভাপতি দায়িত্বাবলী :**

নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির সহ-সভাপতিকেও বিশেষ ভূমিকা পালন করতে হবে। সভাপতির পাশাপাশি তাকে সকল কার্যক্রম সম্পর্কে সম্যক জ্ঞান রাখতে হবে এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা দেওয়ার ক্ষমতা অর্জন করতে হবে। সহ-সভাপতি নিম্নলিখিত দায়িত্বাবলী পালন করবেন -

- LINIC-এর সকল কাজে সভাপতিকে সক্রিয়ভাবে পরামর্শ ও সহযোগিতা করা;
- এলাকায় আর্থসামাজিক কার্যক্রম বাস্তবায়ন ও ব্যবস্থাপনায় কমিটিকে সক্রিয় সহযোগিতা করা;
- প্রতি মাসে LINIC-এর সভা আহবানে এবং পরিচালনায় সভাপতিকে সহায়তা করা;
- সভাপতির অনুপস্থিতিতে সভা পরিচালনা করা;
- প্রতি মাসে কমপক্ষে একবার LINIC-এর সভা আহ্বান করা;
- নিম্নআয় এলাকা প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনায় সভাপতিকে সহায়তা করা এবং শতকরা ২৫ করা দায়িত্ব পালন করা।

**৪.৩.১৯ দলনেতার দায়িত্বাবলী :**

দলনেতা নিম্নলিখিত দায়িত্বাবলী পালন করবেন -

- প্রাথমিক দলের সভা আহবান করা এবং সভায় সভাপতিত্ব করা;
- প্রাথমিক দলের সদস্যদের সমস্যা নিয়ে আলোচনা করা এবং সমাধানের পন্থা বের করতে সহায়তা করা;
- LINIC-এর মাসিক সভায় যোগদান করা এবং দলের সমস্যাদি সভায় তুলে ধরা ও আলোচনা করা;

**৪.৩.২০ সম্পাদকের দায়িত্বাবলী :**

সম্পাদক নিম্নলিখিত দায়িত্বাবলী পালন করবেন

- প্রাথমিক দলের সভা আহবানে এবং পরিচালনায় দলনেতাকে সহায়তা করা;

# অধ্যায়-চার

## সুপারভিশন, মনিটরিং, রিপোর্টিং

### সুপারভিশন বা তত্ত্বাবধান

